বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রতিবেদন অনুসারে ২০১৯ সালে বাংলাদেশের ৯৩.৫% জনগণের বাড়িতে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে। এটি ২০১৮ সালে ছিল ৯০.১%। প্রকল্প এলাকার সঙ্গে উল্লিখিত তথ্যের মিল খুঁজে পাওয়া যায়। এখানে উল্লেখ্য যে টার্মিনাল



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



এলাকার ক্ষতিগ্রস্ত জনগণের ৯৯% বিদ্যুৎ এর সুবিধা ভোগ করছে। মাত্র ০.৪৯% পরিবার সৌর বিদ্যুৎ/আই.পি.এস/জেনারেটর ব্যবহার করছে। এবং একই সংখ্যক পরিবার ডিজেল/কেরোসিন ব্যবহার করছে।

সারণী ১৮: টার্মিনাল এলাকাসমূহের আলোর উৎস।

প্রকল্প এলাকাসমূহ	আলোর উৎস			মোট
	ডিজেল/কেরোসিন	বিদ্যুৎ	সৌর বিদ্যুৎ/জেনারেটর/আই.পি.এস	
আশুগঞ্জ	০	২১১	১	২১২
বরিশাল	১	১৫৩	০	১৫৪
চাঁদপুর	১	১৭৯	২	১৮২
নারায়ণগঞ্জ	১	৩৯	০	৪০
পানগাঁও	০	২৯	০	২৯
শ্মশানঘাট	০	১	০	১
মোট	৩	৬১২	৩	৬১৮
শতকরা হার	০.৪৯	৯৯.০৩	০.৪৯	১০০

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট, অক্টোবর ২০১৯ হতে ফেব্রুয়ারী ২০২০

৪.৪.৪. বসতি এবং বাড়িঘর:

এস-৩ এবং এস-৪ প্যাকেজের আওতায় প্রকল্প এলাকার শহর এবং উপ-শহর এলাকায় বসতির একটা মান রাখা হয়। শহরের স্বল্প আয়ের গরীব লোকেরা ঘন ঘন ঘর-বাড়ী নির্মাণ বন্ধি এলাকা গড়ে তোলে। এলাকাটি দেখতে গ্রামীণ বসতির মত মনে হয় এবং পাশাপাশি এপার্টমেন্ট বাড়ী ও গড়ে উঠে। এই প্রকল্পের জন্য ৬১৮টি ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে ৫৫৫টি স্থানান্তরিত করা হবে। এর মধ্যে ১১১টি আবাসিক এবং ৪৪৪টি দোকান-পাঠ। এস-৩ এবং এস-৪ প্যাকেজের আওতায় ছয়টি টার্মিনাল এলাকায় তিনটি কমিউনিটি সম্পত্তি এবং ১৮টি অফিস ও প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়। এই কমিউনিটি সম্পত্তির মধ্যে চাঁদপুরে ২টি মাদ্রাসা এবং ১টি মসজিদ হয়। তাছাড়া সরকারি অফিস, সরকারি স্কুল, সমিতি এবং শ্রমিক ইউনিয়ন ও ক্ষতিগ্রস্ত হয়।

সিপিআর এস-এর ক্ষতির জন্য ব্যবস্থাপনা কমিটির নিকট ক্ষতিপূরণের টাকা এবং বিশেষ অনুদান প্রদান হবে। এই ক্ষতিপূরণের টাকা আরো ভাল কাঠামো নির্মাণ করা হবে। মসজিদটি পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এটি অন্য জায়গায় নির্মাণ করতে হবে। মাদ্রাসাটি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এটি স্থানান্তরের প্রয়োজন হবে না। ব্যবস্থাপনা কমিটি বিআরডব্লিউটিপি কর্তৃক ঘোষিত চূড়ান্ত সময়ের মধ্যে উদ্বারযোগ্য মালামাল অন্যত্র সরিয়ে নিতে পারবে।

সরকারি জমিতে অফিস বাণিজ্যিক প্রতিষ্ঠান, অফিস এবং ক্ষতিগ্রস্ত হয়। নিম্নের সারণীতে ক্ষতিগ্রস্ত বাড়ী-ঘর, বাণিজ্যিক প্রতিষ্ঠান, অফিস এবং সিপিআরএসগুলো উল্লেখ করা হলো। সিপি আরএস-এর মধ্যে ২টি মাদ্রাসা ১টি মসজিদ, সরকারি অফিস, সরকারি স্কুল, ক্লাব এবং শ্রমিক ইউনিয়ন ইত্যাদি রয়েছে।

সারণী-২০ এ প্রতিটি প্রকল্পভুক্ত জেলার পরিবারের সংখ্যা এবং বাড়িঘরের কাঠামোর ধরন উপস্থাপন করা হয়েছে। প্রকল্প এলাকাগুলোতে পাকা এবং আধাপাকা ঘরের সংখ্যা বেশি। ক্ষতিগ্রস্ত কাঠামোর মধ্যে আধা পাকা এবং টিনের তৈরি ঘরের সংখ্যা বেশি। বিল্ডিং এর ডিজাইন এবং প্রযুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা একটি এলাকার সামাজিক, সাংস্কৃতিক এবং অন্যান্য কার্যক্রমের প্রতিফলন ঘটায়। বেশির ভাগ এলাকায় দ্বিতল এবং বহুতলা ভবন পরিলক্ষিত হয়।

সারণী ১৯: এলাকা ভিত্তিক ক্ষতিগ্রস্ত বাড়িঘর, দোকানপাট, জমি, পুকুর, গাছ ইত্যাদির বন্টন।

ক্ষতিগ্রস্তের শ্রেণিবিভাগ	এলাকাসমূহ						
	আশুগঞ্জ	বরিশাল	চাঁদপুর	নারায়ণগঞ্জ	পানগাঁও	শ্মশানঘাট	মোট



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



আবাসিক	১৩	১২	৮৭	-	১	১	১১৪
বাণিজ্যিক	১৪২	১৩৭	৮৬	৪০	১৬	-	৪২১
আবাসিক এবং বাণিজ্যিক	৬	-	৫	-	-	-	১১
আবাসিক এবং বাণিজ্যিকের মোট সংখ্যা	১৬১	১৪৯	১৭৯	৪০	১৭	১	৫৪৬
জমি	৪৩	-	-	-	-	-	৪৩
পুকুর	-	-	-	-	১	-	১
গাছ	-	-	১	-	৭	-	৮
অপ্রধান কাঠামো	৮	৫	৩	-	৪	-	২০
অন্যান্য ক্ষতিগ্রস্তের সংখ্যা	৫১	৫	৪	০	১২	০	৭২
মোট	২১২	১৫৪	১৮২	৪০	২৯	১	৬১৮
অফিস/প্রতিষ্ঠান	৬	৫	৩	২	১	১	১৮
সিপিআরএস	০	০	৩	০	০	০	০৩
সর্বমোট	২১৮	১৫৯	১৮৮	৪২	৩০	২	৬৩৯

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট, অক্টোবর ২০১৯ হতে ফেব্রুয়ারী ২০২০।

সারণী ২০: এলাকা ভিত্তিক ক্ষতিগ্রস্ত সিপিআরএস এবং অফিস/প্রতিষ্ঠানের সংখ্যা।

প্রতিষ্ঠানের প্রকারভেদ	এলাকাসমূহ						
	আশুগঞ্জ	বরিশাল	চাঁদপুর	নারায়ণগঞ্জ	পানগাঁও	শ্মশানঘাট	মোট
সিপিআরএস							
মাদ্রাসা	--	--	২	--	--	--	২
মসজিদ	--	--	১	--	--	--	২
উপ-মোট	--	--	৩	--	--	--	৩
অন্যান্য অফিস/প্রতিষ্ঠানসমূহ							
সরকারি অফিস	২	৩	২	১	১	১	১০
সরকারি স্কুল	--	--	১	--	--	--	১
সমিতি/ক্লাব	৩	১	--	--	--	--	৪
শ্রমিক ইউনিয়ন	১	১	--	১	--	--	৩
উপ-মোট	৬	৫	৩	২	১	১	১৮
সর্বমোট	৬	৫	৬	২	১	১	২১

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট, অক্টোবর ২০১৯ হতে ফেব্রুয়ারী ২০২০।

টার্মিনাল এলাকার ক্ষতিগ্রস্ত পরিবার সমূহের মধ্যে ৬% এর বেশি পরিবারের পাকা কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ৪৬% পরিবারের আধা-পাকা কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। তাছাড়া ২৬% পরিবারের টিনের তৈরি কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে এবং ২১% পরিবারের কাঁচা ঘরের কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। মাত্র ৬% পরিবারের বাঁশের ঘরের কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে।

সারণী ২১: ছয়টি টার্মিনাল এলাকার ক্ষতিগ্রস্ত কাঠামোসমূহের শ্রেণিবিভাগ।

কাঠামোর ধরণ	সাইট অনুসারে আয়তন (বর্গফুটে)						মোট	%
	আশুগঞ্জ	বরিশাল	চাঁদপুর	নারায়ণগঞ্জ	পানগাঁও	শ্মশানঘাট		
পাকা	৬,২৩৯	৪,২৩৭	৭২	-	৪১৮	-	১০,৯৬৬	৬.২৫



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



আধা-পাকা	৬৩,৯৪২	১,৯৩৮	১৩,৬৯০	১৭৬	১,১২৫	-	৮০,৮৭১	৪৬.০৮
টিনের তৈরি	৩,৪২৪	৭,৭০৫	৩২,৬৪৭	১,২২৮	১,০৫১	-	৪৬,০৫৫	২৬.২৪
কাঁচা	৩৩,২০৬	৭৮৪	২৫৬	১,৯৪৫	৩২৪	১৯	৩৬,৫৩৪	২০.৮২
বেড়ার ঘর	২৫০	৬৬৮	-	-	-	-	১,০৭৪	০.৬১
মোট	১০৭,০৬১	১৫,৩৩২	৪৬,৮২১	৩,৩৪৯	২,৯১৮	১৯	১৭৫,৫০০	১০০
শতকরা হার	৬১.০০	৮.৭৪	২৬.৬৮	১.৯১	১.৬৬	০.০১	১০০	

উৎস: জনশুমারী এবং আইওএল জরীপ, এস-৬ কনসালট্যান্ট অক্টোবর-নভেম্বর, ২০১৯।

৪.৪.৫. ভূমির ব্যবহার:

পল্লী ও শহর এলাকার নদী সংলগ্ন ভূমির ব্যবহার বিভিন্ন রুম। টার্মিনালগুলো শহর অথবা উপশহর এলাকায় প্রতিষ্ঠা করা হয়েছে। লক্ষ্যঘাটগুলোতে দোকান-পাট এবং বাজার গড়ে উঠেছে। ফেরীঘাট এবং লক্ষ্য ঘাটের চারিদিকে প্রায় ৬৫% ব্যক্তিগত জমি কৃষিজ পণ্য উৎপাদনের কাজে ব্যবহৃত হয়। স্টোকহোল্ডাররা তাদের জমি বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করে এবং নন-স্টোকহোল্ডাররা সরকারী জমি ব্যবসার এবং অন্যান্য কাজে ব্যবহার করে। বিস্তারিত আর্থ-সামাজিক এবং সাংস্কৃতিক তথ্যসমূহ জনশুমারী এবং আর্থ-সামাজিক বেসলাইন জরিপের মাধ্যমে সংগ্রহ করা হয়।

৪.৪.৬. কমিউনিটির স্বাস্থ্য এবং নিরাপত্তা:

বাংলাদেশের স্বাস্থ্য ব্যবস্থা ৫টি স্তরে পিরামিড আকারে স্তর বিন্যাস করা হয়েছে। নিম্নস্তরে কমিউনিটি ক্লিনিক, তার উপরের স্তরে ইউনিয়ন স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ কেন্দ্র অথবা ইউনিয়ন উপ-কেন্দ্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা সদর হাসপাতাল এবং সবচেয়ে উপরের স্তরে হলে মেডিকেল কলেজ হাসপাতাল এবং পোস্ট গ্রাজুয়েট ইনস্টিটিউট।

২০১৯ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুসারে বাংলাদেশে বর্তমানে ডাক্তার-রোগী অনুপাত হলো ১০,০০০ রোগীর জন্য ৫-২৬ জন ডাক্তার আছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান নিচ থেকে দ্বিতীয়। দক্ষিণ এশিয় দেশগুলোর মধ্যে নার্স-রোগীর অনুপাতের ক্ষেত্রে বাংলাদেশ অনেক পিছিয়ে আছে। বাংলাদেশে ১০,০০০ লোকের জন্য মাত্র ৩.০৬ জন নার্স আছে। জনস্বাস্থ্যের উন্নয়ন এবং মা ও শিশুর মৃত্যুহার কমানোর জন্য বাংলাদেশ সরকার নিরলস কাজ করে যাচ্ছে। প্রতি বছর ৬% থেকে ৭% মায়ের মৃত্যুহার কমছে। উদাহরণস্বরূপ ২০১৭ সালে মায়ের মৃত্যুহার ছিল ১৭৩.০০ জন অর্থাৎ ৬.৯৯%। ২০১৬ সালে মায়ের মৃত্যুহার ছিল ১৮৬.০০ জন অর্থাৎ ৭%। ২০১৫ সালে মায়ের মৃত্যুহার ছিল ২০০.০০ জন অর্থাৎ ৬.৫৪%। বাংলাদেশে ২০০৯ সালে শিশু মৃত্যুর হার ছিল প্রতি হাজারে ৪০.৫ জন এবং ২০১৯ সালে সেটি ধারায় ২৫.৬ জন।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুসারে ২০২০ সালে বাংলাদেশের মোট জনসংখ্যা ছিল ১৬৪,৬৮৯,৩৮৩ জন। এর মধ্যে ২০২০ সালে ১৫-৩৯ বছর বয়সের মহিলাদের সংখ্যা ছিল ৪৬,২১৫,৫৯১ জন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে ২০২০ সালে মৃত্যুহার ছিল ৫.৫৪১ জন। জনসংখ্যা বৃদ্ধির হার ১.০০%।

বাংলাদেশের সর্বত্র স্যানিটেশন এর ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি হয়েছে। ২০২০ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইউনিসেফ এর যৌথ পরিবীক্ষণ কর্মসূচী থেকে পাওয়া যায় যে প্রায় ১৮% জনগণ খোলা জায়গায় পায়খানা করতে অভ্যস্ত ছিল (জেএমপি, ২০১৭)।

২০১৮ সাল থেকে বাংলাদেশে খোলা জায়গায় পায়খানা নাই বললেই চলে। বাংলাদেশ খোলা জায়গায় পায়খানা করার ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি সাধন করেছে। উল্লেখ্য যে, ১৯৯০ সালে খোলা জায়গায় ৩৪% পায়খানা করা থেকে ২০১৫ সালে ১% এ কমিয়ে আনতে পেরেছে। বর্তমানে ৬১% উন্নত স্যানিটেশনের ব্যবস্থা আছে। এটি বছরে ১.১% হারে বৃদ্ধি পাচ্ছে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



বর্তমানে ৪০% এর চেয়ে বেশি স্যানিটেশন এর ব্যবস্থা অনুন্নত সর্বত্রই পানি ও জলের ব্যবস্থা বিদ্যমান আছে। অর্ধেক এর চেয়ে কম লোক নিরাপদ পানি পান করছে। বাংলাদেশের শহর এলাকায় এক-তৃতীয়াংশ জনগণ পাইপ বাহিত পানি ব্যবহার করছে। এখানে পয়ঃনিষ্কাশন ও পরিশোধন ব্যবস্থা তেমন উন্নত নয়। বাংলাদেশে রাজধানী শহর ঢাকায় মাত্র ১৮% জনগণ পয়ঃনিষ্কাশন ব্যবস্থার সুযোগ পাচ্ছে।

৬টি টার্মিনাল এলাকার ক্ষতিগ্রস্ত জনগণের ৭৫.৪০% স্যানিটারী টয়লেট ব্যবহার করছে, ২২.১৭% ওয়াটার সীলড টয়লেট ব্যবহার করছে। মাত্র ১.৯৪% কাচা পায়খানা এবং মাত্র ০.৪৯% খোলা জায়গায় পায়খানা করতে অভ্যস্ত, যা জাতীয় পরিসংখ্যানের সঙ্গে মিল আছে।

সারণী ২২: ক্ষতিগ্রস্ত জনগণকর্তৃক টয়লেট ব্যবহার।

এলাকাসমূহ	টয়লেটের প্রকার				
	নাই	খোলা/কাঁচা	স্নাব	স্যানিটারী	মোট
আশুগঞ্জ		১	৪	২০৭	২১২
বরিশাল		২	৫৪	৯৮	১৫৪
চাঁদপুর	২	৮	৬৭	১০৫	১৮২
নারায়ণগঞ্জ			১০	৩০	৪০
পানগাঁও	১	১	২	২৫	২৯
শ্যামানঘাট				১	১
সর্বমোট	৩	১২	১৩৭	৪৬৬	৬১৮
শতকরা হার	০.৪৯	১.৯৪	২২.১৭	৭৫.৪	১০০

উৎস: জনশুমারী এবং আর্থ-সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট, অক্টোবর-নভেম্বর, ২০১৯।

৪.৪.৭. পাবলিক ইউটিলিটিস: পানি সরবরাহ স্যানিটেশন এবং কঠিন আবর্জনা।

বাংলাদেশে অনেক বছর ধরেই জনগণ নিরাপদ পানি পান করছে। দেশের ২২% টিউবয়েলে আর্সেনিক দূষণ পাওয়া যায়। ক্ষতিগ্রস্ত ৬১৮টি পরিবারের মধ্যে ৫৭% গভীর নলকূপের পানি পান করছে এবং প্রায় ২৫% পাইপ বাহিত পানি ব্যবহার করে। প্রায় ১৭.৬৪% ক্ষতিগ্রস্ত পরিবার হস্ত চালিত নলকূপের পানি ব্যবহার করে। নিম্নের সারণীগুলোতে প্রকল্পভুক্ত জেলা এবং টার্মিনাল এলাকা সমূহের নিরাপদ পানি ব্যবহারকারী জনসংখ্যা দেয়া হলো।

সারণী ২৩: প্রকল্পভুক্ত জেলাসমূহের পানীয় জলের উৎস।

প্রশাসনিক ইউনিট	পরিবারের সংখ্যা	পানীয় জলের উৎসের শতকরা হার		
		পাইপ দ্বারা পানি সরবরাহ %	টিউবয়েল %	অন্যান্য %
ঢাকা	২,৭৮৬,১৩৩	৬২.৯২	৩০.২৫	৬.৮৪
চাঁদপুর	৫০৬,৩২১	৫.৯৯	৮৭.৯৫	৬.০৬
নারায়ণগঞ্জ	৬৭৫,৬৫২	১৭.৭২	৭৭.৩৯	৪.৮৯
বরিশাল	৫১৩,৬৭৩	১.৬৩	৯৩.৩১	৫.০৬
ব্রাহ্মণবাড়ীয়া	৫৩৮,৯৩৭	২.১৭	৯৩.৬৭	৪.১৬

উৎস: বিবিএস, ২০১১।

সারণী ২৪: টার্মিনাল এলাকায় পানীয় জলের উৎসসমূহ।

এলাকাসমূহ	পানীয় জলের উৎস			
	গভীর নলকূপ	পাইপ লাইন	হস্তচালিত নলকূপ	বোতলের পানি
আশুগঞ্জ	১৩৭	২৪	৪৭	৪
বরিশাল	৯৫	৩৫	২৪	



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



চাঁদপুর	৭৩	৮৫	২৪		১৮২
নারায়ণগঞ্জ	২৬	৭	৭		৪০
পানগাঁও	২১	১	৭		২৯
শ্মশানঘাট		১			১
সর্বমোট	৩৫২	১৫৩	১০৯	৪	৬১৮
শতকরা হার	৫৬.৯৬	২৪.৭৬	১৭.৬৪	০.৬৫	১০০

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট অক্টোবর, ২০১৯ হতে ফেব্রুয়ারী, ২০২০।

টার্মিনাল এলাকাগুলোতে পানি সরবরাহ এবং স্যানিটেশনের ব্যবস্থা তুলনামূলক ভাবে ভালো। ৬টি টার্মিনাল এলাকার ক্ষতিগ্রস্ত জনগণের মধ্যে ঢাকা জেলার শ্মশানঘাট এবং পানগাঁও এলাকার জনগণ পাইপ বাহিত পানি পান করে এবং গোসল, কাপড় চোপড় ধোয়া এবং গৃহস্থালী কাজে পাইপ বাহিত পানি ব্যবহার করে। চাঁদপুর এবং বরিশালে অধিক সংখ্যক জনগণ গৃহস্থালী কাজে নদী ও পুকুরের পানি ব্যবহার করে।

এখানে উল্লেখ যে নারায়ণগঞ্জের জনগণ গৃহস্থালী কাজেও নদীর পানি ব্যবহার করে না। কারণ শীতলক্ষ্যা নদীর পানির গুণমান খুবই খারাপ। ঢাকা জেলার শ্মশানঘাট এবং পানগাঁও এর ক্ষতিগ্রস্ত জনগণ স্যানিটারী টয়লেট ব্যবহার করে। নারায়ণগঞ্জ এবং আশুগঞ্জ এর জনগণও স্যানিটারী টয়লেট ব্যবহার করে। চাঁদপুর এবং বরিশালের ৯৭% জনগণ স্যানিটারী টয়লেট ব্যবহার করে। টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রার ৬.১ অনুসারে প্রত্যেকটি পরিবার নিরাপদ স্যানিটেশন সিস্টেম ব্যবহার করে।

নিম্নের সারণীতে ক্ষতিগ্রস্ত জনগণের গৃহস্থালী কাজে এবং পানীয় জল ব্যবহারের উৎস এবং স্যানিটেশন সুবিধাদি উল্লেখ করা হয়েছে।

সারণী ২৫: ক্ষতিগ্রস্ত জনগণের মধ্যে পারিবারিক কাজে পানি ব্যবহারের উৎস সমূহ।

পারিবারিক কাজে পানি ব্যবহারের উৎসসমূহ	পানগাঁও এবং শ্মশানঘাট (ঢাকা) %	চাঁদপুর %	বরিশাল %	নারায়ণগঞ্জ %	আশুগঞ্জ (ব্রাহ্মণবাড়ীয়া) %
গভীর নলকূপ/ পাইপ দ্বারা সরবরাহ ট্যাপ	১০০.০০	৬০.৫৩	৫১.৬১	৮৮.৮৯	৭২.১০
হস্তচালিত নলকূপ	০.০০	১৮.৪২	৬.৪৫	১১.১১	২০.৯২
পুকুর/নদী	০.০০	২১.০৫	৪১.৯৪	০.০০	৬.৯৮
মোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট অক্টোবর, ২০১৯ হতে ফেব্রুয়ারী, ২০২০।

৪.৪.৮. অর্থনীতি এবং কর্মসংস্থান:

আর্থ-সামাজিক জরীপ থেকে প্রতীয়মান হয় যে, ৬টি টার্মিনাল এলাকার ৬১৮টি ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে শ্মশানঘাট এবং পানগাঁও এর প্রায় সকলেই ব্যবসা পেশায় জড়িত। বরিশালে ৮৭%, আশুগঞ্জে ৮০% এবং চাঁদপুরে ৫২% ব্যবসা পেশায় জড়িত। পরিবার প্রধানদের অন্যান্য পেশা যেমন- জেলে ১৯.৪৪%, চাকুরিজীবী ১২.৫০% ব্রাহ্মণবাড়ীয়ায় এবং ১১.১২% চাঁদপুরে অন্যান্য পেশায় নিয়োজিত আছে।

প্রকল্প এলাকায় নির্মাণকালীন সময়ে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদেরকে অস্থায়ী ভাবে স্থানান্তর করা হলেও তারা কাঠামো ক্ষতিগ্রস্ত হওয়ার জন্য পুনর্বাসন সুবিধা এবং ব্যবসার ক্ষতিপূরণ পাবে। মালামাল সরবরাহকারী এবং বড় ও মধ্যম ব্যবসায়ীরা প্রকল্পের কাজে

মালামাল সরবরাহ করা এবং ঠিকাদারের কাজ পাবে। এখানে উল্লেখ্য যে, আশুগঞ্জ এবং চাঁদপুরে একটা বৃহৎ সংখ্যক পরিবার ক্ষতিগ্রস্ত হবে। প্রকল্প এলাকায় নির্মাণ কাজে এসকল পরিবারের লোকজন চাকুরির সুযোগ পাবে।

সারণী ২৬: নমুনায়ন পরিবার প্রধানদের পেশা।

পেশাসমূহ	পানগাঁও এবং শ্মশানঘাট	চাঁদপুর %	বরিশাল %	নারায়ণগঞ্জ %	আশুগঞ্জ (ব্রাহ্মণবাড়ীয়া) %
----------	-----------------------	-----------	----------	---------------	------------------------------



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



	(টাকা %)				
ব্যবসা	১০০.০০	৫২.৭৮	৮৭.৫০	১০০.০০	৮০.০০
চাকুরী	০.০০	১১.১১	৩.১৩	০.০০	১২.৫০
জেলে	০.০০	১৯.৪৪	৩.১৩	০.০০	০.০০
গৃহবধু	০.০০	৫.৫৬	৩.১৩	০.০০	২.৫০
কাঠমিস্ত্রী	০.০০	৫.৫৬	০.০০	০.০০	০.০০
দিনমুজুর	০.০০	০.০০	০.০০	০.০০	৫.০০
ছাত্র	০.০০	০.০০	৩.১৩	০.০০	০.০০
রাজমিস্ত্রী	০.০০	২.৭৮	০.০০	০.০০	০.০০
মাঝি	০.০০	২.৭৮	০.০০	০.০০	০.০০
সর্বমোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট অক্টোবর, ২০১৯ হতে ফেব্রুয়ারী, ২০২০।

৪.৪.৯. আয় এবং দারিদ্রতা:

টার্মিনাল এলাকাগুলোতে ছোট-ছোট দোকানপাট এবং ব্যবসায় দ্বারা গরীব লোকেরা জীবিকা নির্বাহ করছে। এসকল ব্যবসায় প্রতিষ্ঠানগুলো ছোট এবং মধ্যম আকারের এবং অল্প সংখ্যক বড় আকারের ব্যবসা। ছোট ব্যবসায়ীদের আয়ের পরিমাণ কম। ক্ষতিগ্রস্ত ৬১৮টি পরিবারের মধ্যে ২৭৬টি পরিবার হতদরিদ্র। উল্লেখ্য যে ২৭৬টি পরিবারের মধ্যে ২৪১টি পরিবারের অবস্থান দারিদ্র সীমার নিচে, ১৭টি পরিবার প্রধান শারীরিক ভাবে অক্ষম এবং ১৮টি পরিবার প্রধান দারিদ্র সীমার নিচে ও অক্ষম। চাঁদপুর এলাকায় ২৭৬টি পরিবারের মধ্যে ১১৮টি পরিবার প্রধান দারিদ্র সীমার নিচে ও অক্ষম। বরিশালের ২৭৬টি পরিবারের মধ্যে ৯৫টি পরিবার প্রধান দারিদ্র সীমার নিচে ও অক্ষম। আর্থ-সামাজিক জরীপ থেকে প্রতীয়মান হয় যে, নারায়ণগঞ্জ, আশুগঞ্জ এবং পানগাঁও এ খুব কম সংখ্যক পরিবার দারিদ্র সীমার নিচে আছে এবং শূশানঘাটে একটি পরিবারও দারিদ্র সীমার নিচে নেই।

দারিদ্র সীমার নিচে পরিবারগুলোকে বলা হয় হতদরিদ্র। এ সকল পরিবারগুলো অতিরিক্ত অনুদান এবং ক্ষতিপূরণ পাবে। রূপ এর নীতি অনুসারে এ সকল পরিবারগুলো থেকে কমপক্ষে একজন দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ পাবে এবং আয় বৃদ্ধিমূলক কাজে নিয়োজিত করা হবে। তাদেরকে জীবিকা পুনরুদ্ধার কর্মসূচীতে নিয়োগ করা হবে। এ সকল হত দরিদ্র জনগণকে নির্মাণ কাজেও কাজ করার সুযোগ দেয়া হবে। নিম্নের সারণীতে ৬টি টার্মিনাল এলাকার ক্ষতিগ্রস্ত পরিবারের আয়ের সীমা দেয়া হলো।

সারণী ২৭: পরিবার প্রধানদের আয় এবং দায়িদ্রসীমা।

আয়ের সীমা	আশুগঞ্জ	বরিশাল	চাঁদপুর	নারায়ণগঞ্জ	পানগাঁও	শূশানঘাট	মোট
২১০০০ পর্যন্ত	১২	৯৪	১১৩	২৩	১৬	১	২৫৯
২১০০১-৩০০০০	২৭	৩১	৩৯	১৫	১০		১২২
৩০০০১-৪০০০০	১৬	১৮	৭	০	১	০	৪২
৪০০০১-৫০০০০	২৪	৭	১০	১	০	০	৪২
৫০০০১-৬০০০০	১৭	০	৬	০	০	০	২৩
৬০০০০-এর বেশি	১১৬	৪	৭	১	২		১৩০
মোট	২১২	১৫৪	১৮২	৪০	২৯	১	৬১৮

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট অক্টোবর, ২০১৯ হতে ফেব্রুয়ারী, ২০২০।

সারণী ২৮: শারীরিক ভাবে অক্ষম পরিবার প্রধানসহ পরিবারসমূহের দারিদ্র সীমার নিচে।

এলাকাসমূহ	দারিদ্র সীমার নিচে			অক্ষম			উভয়ই (দারিদ্র সীমার নিচে ও অক্ষম)			মোট		
	পুরুষ প্রধান	মহিলা প্রধান	মোট	পুরুষ প্রধান	মহিলা প্রধান	মোট	পুরুষ প্রধান	মহিলা প্রধান	মোট	পুরুষ প্রধান	মহিলা প্রধান	মোট
আশুগঞ্জ	৮	২	১০	৭	১	৮	১	১	২	১৬	৪	২০



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



বরিশাল	৭৩	১৬	৮৯	১	১	৩	২	৫	৭৭	১৮	৯৫
চাঁদপুর	৯৪	৮	১০২	৫	৫	৯	২	১১	১০৮	১০	১১৮
নারায়ণগঞ্জ	২৩		২৩						২৩	০	২৩
পানগাঁও	১৫	১	১৬	৩	৩				১৮	১	১৯
শাশানঘাট	১		১						১	০	১
সর্বমোট	২১৪	২৭	২৪১	১৬	১	১৭	১৩	৫	১৮	২৪৩	৩৩

উৎস: সামাজিক জরীপ এস-৬ কনসালট্যান্ট অক্টোবর, ২০১৯ হতে ফেব্রুয়ারী, ২০২০।

৪.৪.১০. শ্রমিকের প্রবেশ:

নির্মাণ কাজে শ্রমিকের প্রবেশের ফলে সামাজিক এবং পরিবেশগত নেতিবাচক প্রভাব পড়ে এবং বুকি বেড়ে যায়। শ্রমিক প্রবেশের জন্য ইতিমধ্যে অনেক সমস্যা সৃষ্টি হচ্ছে এবং সমস্যা বৃদ্ধি পাচ্ছে। প্রকল্পের বৈশিষ্ট্য, সম্প্রদায় এবং প্রবেশকারী শ্রমিকদের উপর প্রভাবসমূহের মাত্রা নির্ভর করছে।

বিভিন্ন শ্রেণীর লোকদের সমাগম সামাজিক এবং পরিবেশগত নেতিবাচক প্রভাবসমূহ বৃদ্ধি পেতে থাকে। অধিক জনগণের প্রবেশের ফলে অপরাধ এবং অসাচরণ বৃদ্ধি পায়। এইচআইভি এইডস, কোভিড ইত্যাদি ছোয়াচে রোগ বৃদ্ধি পায়। লিঙ্গ ভিত্তিক সহিংসতা শিশু শ্রম এবং শিশুদের স্থলে ক্রিয়া বন্ধ হয়ে যায়। শ্রমিক প্রবেশের ফলে বাসা ভাড়া বৃদ্ধি পায়, ট্রাফিক চলাচল বৃদ্ধি ইত্যাদির জন্য বিভিন্ন সমস্যা সৃষ্টি হয়। প্রকল্পের অপারেশন পর্যায়ে কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালগুলোতে দিন মজুরের সংখ্যা বৃদ্ধি পায়।

দিন মজুরদের নাম ও ঠিকানা তালিকাভুক্ত করার জন্য প্রকল্প থেকে প্রয়োজনীয় পকক্ষেপ নিতে হবে। শ্রমিকদের পরিচয়পত্র প্রদান করা হলে, প্যাসেঞ্জার তাদের সঙ্গে ভাল ব্যবহার করবে, ফল এবং অন্যান্য বিক্রেতাদের পরিচয়পত্র প্রদান করা হবে। প্রয়োজনে ঠিকাদারদেরকে শ্রমিকদের জন্য আচরণ বিধি জারি করতে হবে এবং এটি সিআইইউ কর্তৃক অনুমোদিত হতে হবে।

৫. সম্ভাব্য পরিবেশগত এবং সামাজিক প্রভাবসমূহ ৪

এই অধ্যায়ে প্রকল্প কার্যক্রমের নির্মাণকালীন এবং অপারেশন পর্যায়ের পরিবেশগত প্রভাবসমূহ বর্ণনা করা হয়েছে। প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্টের মধ্যে পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ এবং প্রভাবসমূহ মূল্যায়ন করা হয়েছে। ইআইএ-এর মেট্রিক্স এ সকল প্রভাবসমূহ বর্ণনা করা হয়েছে এবং সারণীতে উল্লেখ করা হয়েছে।

৫.১. প্রভাব মূল্যায়ন পদ্ধতি

প্রভাব মূল্যায়নের জন্য একটি সন্বনিত এ্যাপ্রোচ করা হয় এবং একটি সহজ মেট্রিক্স ডিজাইন করা হয়। এই মেট্রিক্স এর ভিত্তিতে প্রভাবসমূহ দ্রুত মূল্যায়ন করা হবে। এর ফলে বিদ্যমান প্রধান প্রভাবসমূহ আরো দ্রুত এবং সুস্পষ্ট মূল্যায়ন করা যাবে। সম্ভাব্য প্রভাবসমূহ চিহ্নিত করার জন্য এটি একটি প্রথম ধাপ এবং সহজ অনুশীলন।

৫.১.১. প্রভাবসমূহের ইআইইএ মেট্রিক্স

এই মূল্যায়ন দ্বারা প্রকল্পের পরিবেশগত এবং সামাজিক প্রভাবসমূহ চিহ্নিতকরণ করা হয়। এটি ইতিবাচক এবং নেতিবাচক প্রভাবসমূহ প্রধান এবং গৌণ, সল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী প্রভাবসমূহের মধ্যে পার্থক্য নির্ধারণ করে। প্রস্তাবিত প্রকল্পের প্রভাবসমূহে মূল্যায়ন ভিত্তিতে গুরুত্ব নির্ধারণ করা হবে।

সারণী-২৯: নির্মাণ ফেইজ-এ ইআইইএ চিহ্নিতকরণ মেট্রিক্স-এর উদাহরণ।

প্রভাব চিহ্নিতকরণ মেট্রিক্স	নির্মাণকালীন পর্যায়ে প্রকল্পের কার্যক্রম
-----------------------------	---



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



পরিবেশগত কম্পোনেন্ট		শ্রমিক, ভারী যন্ত্রপাতি, সরঞ্জাম এবং উপকরণের সংস্থান	নির্মাণকালীন পর্যায়ে ক্যান্স এলাকার কার্যক্রম	ভূমি পরিষ্কার এবং উপরের মাটি অপসারণ	ভূমি ভরাট এবং সমতল করা	মাটি পুনঃখনন এবং ভূমির পার্শ্ব উন্নয়ন	খনন এবং ড্রেজিং, পানির পার্শ্ব উন্নয়ন	পরিত্যক্ত জিনিসপত্র এবং বিচ্ছিন্ন মোটরযান ডাম্পিং করা	ভবন নির্মাণ	উপরিভাগ পাকা করা, পাকিং এবং ভূমির পার্শ্ব উন্নয়ন	পাইলিং এবং জেটি নির্মাণ/পাইল দ্বারা নির্মিত কনক্রিট প্লাটফর্ম (ফুলস্ট ডেক)	বেইজমেন্ট এবং প্রবেশের রাস্তা নির্মাণ
বায়ুর গুণমান	দূষণ এবং ধূলাবালি											
কোলাহল এবং কম্পন	অতিরিক্ত কোলাহল এবং কম্পন											
ল্যান্ডস্কেপ	ল্যান্ডস্কেপের পরিবর্তন											
টপোগ্রাফি, জিওমরফোলজি এবং জিওলজি	সীমারেখা পরিবর্তন এবং ভূমি পরিবর্তন											
মাটির গুণমান এবং মাটির ক্ষয়	মারি কাঠামো পরিবর্তন এবং ক্ষয়ের প্রভাব											
	মাটি দূষণ											

প্রকল্পের নির্মাণ এবং অপারেশন পর্যায়ে পরিবেশগত এবং সামাজিক প্রভাবসমূহ নিহিত করা হয়। পরিবেশগত প্রভাবসমূহ রো এবং কলাম এ স্থাপন করা হয় এবং হাই-লাইটও করা হয়। প্রকল্পের নির্মাণ এবং অপারেশন পর্যায়ে ইআইএ মেট্রিক্স চিহ্নিত করা হয়।

প্রভাবসমূহ চিহ্নিত করার জন্য ইআইএ চিহ্নিত করণ মেট্রিক্স ব্যবহার করা হয়। দ্বিতীয় পর্যায়ে চিহ্নিত প্রভাবসমূহ নিবিড় ভাবে পরীক্ষা করা হয়। কেটা নির্দিষ্ট প্রকল্পের জন্য পরিবেশগত এবং সামাজিক প্রভাবসমূহ ক্রিয়াশীল থাকে।

ইআইএ মেট্রিক্স এর অনুশীলনের মাধ্যমে বিভিন্ন পরিবেশগত প্রভাবসমূহ তালিকাভুক্ত করা হয়। প্রভাবসমূহ চিহ্নিত করার জন্য নিম্নে বৈশিষ্ট্যসমূহ এবং ক্রাইটেরিয়া উল্লেখ করা হলো।

নিম্নে বর্ণিত টার্মসমূহ ব্যবহার করা হয়:

- **এন** চিহ্ন/প্রভাবের প্রকৃতি: হিতকর/কল্যাণকর প্রকৃতি নজির (+) অথবা প্রতিকূল (-)
- **টিওয়াই** টাইপ (ধরন): প্রভাবের ধরণ বোঝায়; প্রত্যক্ষ (৩) পরোক্ষ (২)
- **আইএন** ইনটেনসিটি (প্রবলতা): এটি বিশেষ এলাকায় যে কর্মকান্ড চলছে, সেসকল বিষয়ের উপর কোন মাত্রার প্রভাব পড়েছে তা বুঝায়। ১-৩ পর্যন্ত মাত্রা। এই তিনটা মাত্রা প্রকল্প এলাকায়, যেখানে ক্ষতি হয়েছে, সেসকল বিষয়ের উপর মোট প্রভাব বোঝায়।
- **ইএক্স** সম্প্রসারণ/এলাকা: প্রকল্প প্রভাবিত এলাকা, যেখানে প্রকল্পের পরিবেশের প্রভাব পড়েছে। এই অর্থে যেসকল এলাকায় স্থানীয় ভাবে প্রকল্পের প্রভাব পড়েছে, তাকে বুঝায় (১)। যাই হোক, প্রকল্প এলাকায় স্থানীয় ভাবে প্রকল্পের পরিবেশের বৈশিষ্ট্যসমূহ সুস্পষ্ট হয় (৩)। পারিপার্শ্বিক অবস্থাসমূহ আংশিক ভাবে বিবেচনা করা হয় (২)।
- **টিএম** টাইমিং (সময়): যেকোন কর্মকান্ডের সূত্রপাত এবং কোন বিশেষ বিষয়ের উপর প্রভাবের উপস্থিতি প্রকাশের সময়টুকু বোঝায়। আমরা সময়কাল বোঝাতে তিনটি শ্রেণী বিবেচনা করেছি। যেমন- শূন্য থেকে ২ বছর পর্যন্ত, অথবা দুই বছরেরও বেশি; যেটাকে আমরা তাৎক্ষণিক (৩), মধ্য মেয়াদী (২) এবং দীর্ঘ মেয়াদী (১) হিসেবে শ্রেণীকরণ করেছি।
- **আরডি** রিভারসিবিলিটি (বদলে দেয়া): এর দ্বারা ক্ষতিকর প্রভাবের প্রাথমিক অবস্থার পুনর্গঠনের সম্ভাবনা বোঝায়। এটাকে তিনটি শ্রেণীতে ভাগ করা যায়: তাৎক্ষণিক (৩), মধ্য মেয়াদী (২) এবং অসম্ভব (৩)।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- **আরসি** রিকভারিবিলাটি (ক্ষতি কাটিয়ে ওঠা): প্রভাবসমূহ পরিহার করার জন্য সংশোধিত পদক্ষেপসমূহ গ্রহণ করা বা প্রভাবের সম্ভাবনাকে বোঝায়। প্রভাবসমূহের ইতিবাচক চিহ্নের জন্য ১ থেকে ৩ পর্যন্ত কোনো ভেলু যোগ করার প্রয়োজন নেই।
- **ডি** ডিউরেশন/পারসিটেন্স (সময়কাল/বিদ্যমানতা): এক্ষেত্রে প্রভাবের কার্যক্রমসমূহ বাস্তবায়নের সময়কে বোঝানো হয়েছে। এখানে দুটি অবস্থাকে বিবেচনা করা হয়। একটি হলো অস্থায়ী প্রভাব এবং দ্বিতীয়টি হলো স্থায়ী প্রভাব।

সারণী-৩০: প্রভাবের বৈশিষ্ট্যসমূহ রেটিং করা।

মূল্যায়ণ স্থিতিমাপ/প্যারামিটার মূল্যায়ন	রেটিং	রেটিং
চিহ্ন। প্রভাবের প্রকৃতি (এন)	ইতিবাচক নেতিবাচক	+ -
প্রভাবের ধরণ (টিওয়াই)	প্রত্যক্ষ পরোক্ষ	২ ১
প্রবলতা (আইটি)	ব্যপক মার্বারী নিম্ন	৩ ২ ১
এলাকার বিস্তৃতি (ইএক্স)	অদৃশ্য মার্বারী স্থিত	৩ ২ ১
সময় (টিএম)	তাৎক্ষণিক মার্বারী সময় প্রলম্বিত, দীর্ঘস্থায়ী	৩ ২ ১
বদলে দেওয়া (আরভি)	বদলানো যাবে না দীর্ঘ মেয়াদী স্বল্প মেয়াদী	৩ ২ ১
ক্ষতি কাটিয়ে ওঠা (আরসি)	এড়ানো সম্ভব নয় এড়ানো সম্ভব যদি ব্যবস্থা নেওয়া হয়	৩ ১
সময়কাল/বিদ্যমানতা	স্থায়ী প্রভাব অস্থায়ী প্রভাব	১ ২

■ **প্রভাবের বিশালতা**

প্রভাবের বিশালতা বলতে প্রভাবের গুরুত্বকে বোঝায়। এতে কোন ক্রিয়ার প্রভাবের ধরনকে অন্তর্ভুক্ত করা হয়। উপরে বর্ণিত বৈশিষ্ট্য এবং ক্রাইটেরিয়া নির্ণয় করার জন্য নিম্নের ফর্মুলা প্রয়োগ করা হয়।

$$\text{এসজি} = \text{এন} (২ \times \text{টিওয়াই} + ৪ \times \text{আইটি} + ৩ \times \text{ইএক্স} + \text{টিএম} + \text{আরভি} + ২ \times \text{আরসি} + \text{ডি})$$

এসজি: পরিবেশের কম্পোনেন্ট এর উপর প্রকল্পের কার্যক্রমের গুরুত কে বোঝানো হয়েছে।

প্রসারের ন্যূনতম এবং সর্বাধিক ভেলু হলো যথাক্রমে ১৪ এবং ৩৯। সবচেয়ে ক্ষতিকর প্রভাব হচ্ছে তাৎক্ষণিক ক্ষতিকর প্রভাব। পরিবেশগত উপাদানের প্রভাবসমূহ পরিহার করা যায়, কিন্তু পরিবর্তন করা যায় না।

সারণী-৩১: পরিবেশগত গুরুত্বের রেটিং



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



গুরুত্ব	বর্ণনা	স্কের
নিম্ন মাত্রা	স্থানীয়, অল্প মাত্রায় প্রবলতা, ক্ষতি কাটিয়ে উঠা সম্ভব, গ্রহনযোগ্য প্রভাব ইত্যাদির প্রশমন কাজিত কিন্তু প্রয়োজনীয় নয়। ইত্যাদির প্রভাবসমূহ অপর্য়গু, এগুলো উন্নয়ন কাজকে বন্ধ করতে পারবে না।	১৪-১৯
মাঝারি মাত্রা	যেকোনো প্রভাবের প্রশমন, মাঝারি মাত্রার প্রবলতা এবং প্রসার প্রয়োজন। প্রকল্প বাস্তবায়নের জন্য এসকল প্রভাবসমূহ পর্যাগু।	২০-২৬
উচ্চ মাত্রা	একটি গুরুত্বপূর্ণ প্রভাবের জন্য মাধ্যম ও উচ্চ পরিবেশগত এবং সামাজিক মূল্যবোধ, মূখ্য এবং মধ্যম প্রসারণা, মূখ্য এবং মধ্যম প্রবলতা ইত্যাদির প্রশমন প্রয়োজন।	২৭-৩৪
অতি উচ্চ মাত্রা	একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রভাব। এই প্রভাবের ফলে স্থায়ী পরিবর্তন, পরিবেশগত এবং সামাজিক মূল্য ক্ষতিগ্রস্ত হয়। এ সকল প্রভাবসমূহ প্রশমন করা যায় না এবং এগুলোর ফলাফল খুবই খারাপ। প্রকল্প বাস্তবায়নের পর্যায়ে এগুলো শক্তভাবে প্রশমন করা প্রয়োজন।	৩৪-৩৯

৫.২ প্রভাবসমূহ এবং প্রশমনের পদক্ষেপসমূহের সার-সংক্ষেপ

৫.২.১. নির্মাণ ফেজ-এ প্রধান প্রভাবসমূহ

- ধোঁয়া, ধূলাবালি এবং কার্বন-ডাই-অক্সাইড নাইট্রোজেন অক্সাইড'র নির্গমণ এবং বাতাসে নাইট্রোজেন অক্সাইড এর পরিমাণ বৃদ্ধি।
- কোলাহল এবং কম্পন সৃষ্টি হওয়া।
- নির্মাণকালীন সময়ে টপোগ্রাফি এবং ল্যান্ডস্কেপ এর পরিবর্তন।
- ভূমি সমতল করণ এবং ভরাটের কারণে ভূমির অবস্থার পরিবর্তন হবে এবং ভূমির উপরিভাগের মাটি অপসারিত হবে।
- পলি পরার ধরণ পরিবর্তন।
- নির্মাণ কাজ এবং নির্মাণ সামগ্রী অপসারণের ফলে মাটির অবস্থার পরিবর্তন হবে এবং মাটির ক্ষয় বৃদ্ধি পাবে।
- নদীর তীরের সীমানা এবং কন্টোর রেখার পরিবর্তন হবে।
- নদী তীরের ক্ষয়/পলি জমা বৃদ্ধি পাবে।
- নির্মাণ কাজের জন্য পানি দূষিত হবে এবং পানির গুণগত মানের পরিবর্তন হবে। মাটির ক্ষয়বৃদ্ধি এবং পানি ঘোলা হয়ে যাবে।
- একটি নির্দিষ্ট অথবা অনির্দিষ্ট সময়ের জন্য ঘোলা পানি প্রবেশ করে জমির উপরিভাগের মাটির ক্ষতি করবে।
- ড্রেজিং এবং জেটির নির্মাণের ফলে মাটির গুণমানের পরিবর্তন হবে। পোর্টে ট্রাফিক চলাচল এবং জ্বালানি ব্যবহার এবং বর্জ্য পানি নির্গত হওয়ার ফলে মাটি দূষিত হবে।
- নির্মাণ দ্রব্যাদি জুপিকৃত করার ফলে পানির গুণমান পরিবর্তন হবে।
- প্রাকৃতিক গাছপালা ক্ষতি।
- কৃষি জমির ক্ষতি।
- প্রাকৃতিক আবাসস্থল এবং প্রতিবেশের ক্ষতি।
- বণ্য প্রাণীর ক্ষতি।
- মৎস সম্পদের ক্ষতি।
- বেসরকারী ভূমির অস্থায়ী অধিগ্রহণ।
- চাষাবাদের এলাকা হ্রাস।
- সময় এবং দূরত্বের বৃদ্ধি।
- প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত লোকদের আয় এবং চাকুরি ক্ষতি হবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- দেশের বিভিন্ন প্রান্ত থেকে টার্মিনাল এলাকায় শ্রমিকের প্রবেশ বৃদ্ধি পাবে।
- নারীদের উপর যৌন নিপীড়ন বৃদ্ধি পাবে।
- চাকুরীর সুযোগ বৃদ্ধি পাবে।
- কৃষি কাজ থেকে বাণিজ্যিক কাজের দিকে প্রবণতা বাড়বে।
- চাকুরির সুবিধা বৃদ্ধি পাবে এবং আয় বেড়ে যাবে।
- স্থানীয় যান চলাচল ভিন্নমুখী ও বাধাপ্রাপ্ত হওয়া।
- নারীর কর্মসংস্থান এবং পারিবারিক আয় বৃদ্ধি পাবে। নারীর আর্থসামাজিক ক্ষমতায়ন বৃদ্ধিপাবে।

৫.২.২. নির্মাণ পর্যায়ে প্রশমনের পদক্ষেপসমূহ:

প্রাকৃতিক পরিবেশ

■ বায়ুর গুণগতমান

- ইকপ ৬ এ বায়ুর গুণগত মান ব্যবস্থাপনার পদক্ষেপসমূহ বাস্তবায়ন।
- মানি খননের ফলে যে ধূলাবালির সৃষ্টি হয় সেগুলোতে পানি ছিটিয়ে ধূলাবালি কমাতে হবে।
- মাটিতে পাইলিং করার সময় ধূলাবালিতে পানি ছিটাতে হবে। প্রতিদিন সকাল বিকাল দুইবার পানি ছিটাতে হবে।
- বাড় বৃষ্টির সময় পাইলিং এর জায়গাগুলো ত্রিপাল দিয়ে ঢেকে দিতে হবে।

■ কোলাহল

- ইকপ-৭ বাস্তবায়ন: কোলাহল ব্যবস্থাপনা।
- ঠিকাদার পরিবেশ সংরক্ষণ এবং পরিবেশ অধিদপ্তরের নিয়মকানুন অনুযায়ী চুক্তির সব কিছু সবিস্তারে মেনে চলবেন।
- ঠিকাদারের নিজস্ব খরচে সকল কার্যক্রমের ব্যয়ভার বহন করবেন। এসকল কার্যক্রম প্রকল্প এলাকার বাইরে হতে পারে এবং ভিতরেও হতে পারে।
- সকল যন্ত্রপাতি/সরঞ্জাম, ইঞ্জিন এবং মটরগুলো নির্মাণের সময় যথাযথ আবরণ লাগানো থাকবে।
- ভূতত্ত্ব ও মাটি।
- ইকপ-৪ বাস্তবায়ন: মাটির গুণাগুণ ব্যবস্থাপনা।
- ঠিকাদারকে খনন করা মাটিকে পুনরায় ব্যবহার করতে পারবে।
- ঠিকাদারকে বর্ষাকালে মাটির উপরিভাগ খনন করার কমানোর পরিকল্পনা করতে পারে।
- সব বালু অথবা পলি উত্তোলনের রেকর্ড রাখবে।
- প্রস্তাবিত এলাকা পলি মাটি দ্বারা ভরাট করতে হবে।
- খনন করা মাটি নদীতে অথবা এর তীরে ফেলা যাবে না। বর্ষাকালে অথবা শুকনা মৌসুমে মাটি খননের সময় মাটি ঢেকে রাখতে হবে।

■ পানির গুণমান

- ইকপ-২, ৩ এবং ৫ এর পদক্ষেপসমূহ বাস্তবায়ন।
- পানিসম্পদ থেকে শ্রমিকদের ক্যাম্প দূরে হবে। উপরিভাগের পানি দূষণমুক্ত রাখার জন্য শ্রমিকদের ব্যবহৃত সেপটিক ট্যাঙ্ক, আবর্জনার থলি এবং স্যানিটেশন সুবিধাদি শ্রমিকদের ক্যাম্পের নিকটে ব্যবস্থা করতে হবে।
- তেল/পানির বেসিন আলাদা বসাতে হবে। কঠিন এবং তরল আবর্জনাগুলো ঢেকে রাখতে হবে।
- ড্রেনের নালা সংরক্ষণ এবং পলিমাটি থেকে উপরিভাগের পানি দূষণমুক্ত রাখতে হবে।
- জলাশয় থেকে দূরে স্টকপাইল এর জিনিসপত্র জমা করতে হবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- নদী থেকে কমপক্ষে ২০ মিটার দূরে কাজের ক্ষেত্রে মাটি এবং বালি জমা করতে হবে। নদী থেকে ৫০ মিটারের মধ্যে নির্মাণের যন্ত্রপাতি ধৌত করতে হবে।
- কঠিন বর্জ্য, তেল, রাসায়নিক বিটুমিন ইত্যাদি অনুমোদিত বর্জ্য অপসারণ এলাকায় জমা করতে হবে।
 - **ভূগর্ভস্থ পানি**
- এটা নিশ্চিত করতে হবে যে ভূগর্ভস্থ এবং উপরিভাগের পানি থেকে ৫০ মিটার ব্যাসার্ধ এর মধ্যে থাকবে।
- শ্রমিক ক্যাম্প এবং নির্মাণের জন্য যতদূর সম্ভব ভূগর্ভস্থ পানির বদলে ভূ-পৃষ্ঠের উপরিভাগের পানি ব্যবহার করতে হবে।
- ভূগর্ভস্থ পানির পরিবর্তে সরবরাহের পানি ব্যবহার করতে হবে।
- বর্জ্য পানি পরিশোধন করতে হবে, যাতে ভূগর্ভস্থ পানি দূষিত না হয়।

জৈবিক পরিবেশ

বিভিন্ন প্রকার জৈবিক কম্পেনেন্টগুলোর জন্য আলোচনা করে প্রশমনের পদক্ষেপ সমূহ গ্রহণ করা প্রয়োজন। যেমন- গাছপালা, স্থলজ প্রানীকূল, জলজ প্রানীকূল, মাছ, ডলফিন ইত্যাদির জন্য প্রশমনের পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

■ শাশানঘাট প্যাসেঞ্জার টার্মিনাল সাইট

গাছপালা

- ঠিকাদার সরকারি নিয়ম কানুন মেনে উদ্ভিদকূল এবং প্রানীকূল সংরক্ষণ করবে। প্রকল্প এলাকাতে শ্রমিকরা কোনো প্রানী হত্যা করতে পারবে না।
- প্রকল্প এলাকাতে বর্জ্য অপসারণের জায়গায় সবুজ চত্বর উন্নয়ন করা প্রয়োজন।
- প্রকল্প এলাকাতে ২০ টি গাছ রোপন করতে হবে। একটি গাছ কাটলে তার পরিবর্তে ৫টি গাছ রোপন করা প্রয়োজন।
- নির্মাণ কাজ শুরু করার পূর্বে প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে সীমানা বৃদ্ধি করা প্রয়োজন। কমপক্ষে ১.৫ মিটার উঁচু দেয়াল নির্মাণ করা প্রয়োজন।

স্থলজ বন্যপ্রানী

- এলাকা সাইটে মাটি ভরাট করার পূর্বে ধীরে চলা স্থলজ প্রানীগুলো তাড়িয়ে দেয়া প্রয়োজন।
- এলাকার বন্য প্রানীগুলো সংরক্ষণের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।

জলজ প্রানীকূল এবং ডলফিন

- জলজ পরিবেশে স্থলের দূষণকারী বস্তুসমূহ যাতে না মিশে সেটা নিশ্চিত করা।
- বর্ষাকালে ডলফিনগুলো পানিতে বিচরণ করে। অতএব বর্ষাকালে নদীতে নির্মাণ কাজ পরিহার করা।
- ভূমিতে নির্মাণ কাজ করার সময় অস্থায়ী ভাবে বেড়িকেড দেওয়ার ব্যবস্থা করা।
- পাইলিং করার সময় পরিত্যক্ত মাটির এক জায়গায় স্তুপ আকারে জমা করা। নারায়নগঞ্জে পাইলিং করার সময় শব্দ যতটা সম্ভব শব্দ কম করা যাতে ডলফিন এবং কচ্ছপগুলো নিভয়ে বিচরণ করতে পারে।
- মাছ সংরক্ষণ আইন বাস্তবায়নের জন্য সচেতনতা সৃষ্টি করা। স্থানীয় প্রজাতির মৎসসমূহ উৎপাদন বৃদ্ধি করার জন্য প্রশমনের পদক্ষেপ গ্রহণ করা।
- বিপন্ন মৎস প্রজাতিসমূহ সংরক্ষণের জন্য মৎস অধিদপ্তরের সঙ্গে সহযোগিতা করা প্রয়োজন। বিপন্ন মৎস প্রজাতিসমূহ সংরক্ষণের জন্য পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

১) নারায়নগঞ্জ প্যাসেঞ্জার টার্মিনাল সাইট



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



গাছপালা

- ঠিকাদার সরকারি নিয়ম কানুন মেনে উদ্ভিদকূল এবং প্রানীকূল সংরক্ষণ করবে। প্রকল্প এলাকাতে শ্রমিকরা কোনো প্রানী হত্যা করতে পারবে না।
- নির্মাণ কাজ সম্পন্ন করার পর বিদ্যমান বাগানগুলো সংরক্ষণ এবং পুনর্বাসন করা।
- কমপক্ষে ৭১৫ টি বৃক্ষরোপন করতে হবে। প্রকল্প এলাকায় একটি গাছ কাটলে ৫টি গাছ রোপন করতে হবে। বিভিন্ন প্রজাতির গাছ রোপন করতে হবে।
- নির্মাণ কাজ শুরু করার পূর্বে প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে সীমানা বৃদ্ধি করা প্রয়োজন। কমপক্ষে ১.৫ মিটার উঁচু দেয়াল নির্মাণ করা প্রয়োজন।

স্থলজ প্রানীকূল এবং বন্যপ্রানী

- এলাকা সাইটে মাটি ভরাট করার পূর্বে ধীরে চলা স্থলজ প্রানীগুলো তাড়িয়ে দেয়া প্রয়োজন।
- এলাকার বন্য প্রানীগুলো সংরক্ষণের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।
- যেসকল গাছে পাখি বাসা বাঁধে, সেসকল গাছগুলো সংরক্ষণ করা।

জলজ প্রানীকূল, কচ্ছপ এবং ডলফিন

- জলজ পরিবেশে স্থলের দূষণকারী বস্তুসমূহ যাতে না মিশে সেটা নিশ্চিত করা।
- বর্ষাকালে ডলফিনগুলো পানিতে বিচরণ করে। অতএব বর্ষাকালে নদীতে নির্মাণ কাজ পরিহার করা।
- পাইলিং করার সময় পরিত্যক্ত মাটির এক জায়গায় স্তুপ আকারে জমা করা। নারায়নগঞ্জে পাইলিং করার সময় শব্দ যতটা সম্ভব শব্দ কম করা যাতে ডলফিন এবং কচ্ছপগুলো নিভয়ে বিচরণ করতে পারে।
- ভূমিতে নির্মাণ কাজ করার সময় অস্থায়ী ভাবে বেড়িকেড দেওয়ার ব্যবস্থা করা।

২) বরিশাল প্যাসেঞ্জার টার্মিনাল সাইট

গাছপালা

- ঠিকাদার সরকারি নিয়ম কানুন মেনে উদ্ভিদকূল এবং প্রানীকূল সংরক্ষণ করবে। প্রকল্প এলাকাতে শ্রমিকরা কোনো প্রানী হত্যা করতে পারবে না।
- বর্জ্য অপাসারণের জায়গাতে সবুজ চত্বর সৃষ্টি করা। বিআইডব্লিউটিপিএর বিশ্রামাগার চত্বরে সবুজ বনায়ন করা।
- বিশ্রামার এলাকায় বাগান করা এবং প্রকল্প এলাকায় একটি গাছ কাটলে ৫টি গাছ রোপন করা। প্রকল্প এলাকায় বিভিন্ন জাতের গাছ রোপন করা।
- নির্মাণ কাজ শুরু করার পূর্বে প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে সীমানা বৃদ্ধি করা প্রয়োজন। কমপক্ষে ১.৫ মিটার উঁচু দেয়াল নির্মাণ করা প্রয়োজন।

স্থলজ প্রানীকূল এবং বন্যপ্রানী

- এলাকা সাইটে মাটি ভরাট করার পূর্বে ধীরে চলা স্থলজ প্রানীগুলো তাড়িয়ে দেয়া প্রয়োজন।
- এলাকার বন্য প্রানীগুলো সংরক্ষণের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।
- যেসকল গাছে পাখি বাসা বাঁধে, সেসকল গাছগুলো রক্ষা করা।

জলজ প্রানীকূল এবং কচ্ছপ

- জলজ পরিবেশে স্থলের দূষণকারী বস্তুসমূহ যাতে না মিশে সেটা নিশ্চিত করা।
- ভূমিতে নির্মাণ কাজ করার সময় অস্থায়ী ভাবে বেড়িকেড দেওয়ার ব্যবস্থা করা।

৩) চাঁদপুর প্যাসেঞ্জার টার্মিনাল সাইট



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



গাছপালা

- ঠিকাদার সরকারি নিয়ম কানুন মেনে উদ্ভিদকূল এবং প্রানীকূল সংরক্ষণ করবে। প্রকল্প এলাকাতে শ্রমিকরা কোনো প্রানী হত্যা করতে পারবে না।
- বর্জ্য অপসারণের জায়গাতে সবুজ চত্বর সৃষ্টি করা।
- প্রকল্প এলাকায় কমপক্ষে ১৮১২টি গাছ রোপন করা প্রয়োজন। প্রকল্প এলাকায় একটি গাছ কাটলে ৩টি গাছ রোপন করা। প্রকল্প এলাকায় বিভিন্ন জাতের গাছ রোপন করা।
- প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে সীমানা বৃদ্ধি করা প্রয়োজন। কমপক্ষে ১.৫ মিটার উঁচু দেয়াল নির্মাণ করা প্রয়োজন।

স্থলজ প্রানীকূল এবং বন্যপ্রানী

- এলাকা সাইটে মাটি ভরাট করার পূর্বে ধীরে চলা স্থলজ প্রানীগুলো তাড়িয়ে দেয়া প্রয়োজন।
- এলাকার বন্য প্রানীগুলো সংরক্ষণের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।

জলজ প্রানীকূল, কচ্ছপ এবং ডলফিন

- জলজ পরিবেশে স্থলের দূষণকারী বস্তুসমূহ যাতে না মিশে সেটা নিশ্চিত করা।
- বর্ষাকালে ডলফিনগুলো পানিতে বিচরণ করে। অতএব বর্ষাকালে নদীতে নির্মাণ কাজ পরিহার করা।
- পাইলিং করার সময় পরিত্যক্ত মাটির এক জায়গায় স্তুপ আকারে জমা করা। নারায়নগঞ্জে পাইলিং করার সময় শব্দ যতটা সম্ভব শব্দ কম করা যাতে ডলফিন এবং কচ্ছপগুলো নিভয়ে বিচরণ করতে পারে।
- ভূমিতে নির্মাণ কাজ করার সময় অস্থায়ী ভাবে বেড়িকেড দেওয়ার ব্যবস্থা করা।

৪) পানগাঁও কার্গো টার্মিনাল সাইট

গাছপালা

- ঠিকাদার সরকারি নিয়ম কানুন মেনে উদ্ভিদকূল এবং প্রানীকূল সংরক্ষণ করবে। প্রকল্প এলাকাতে শ্রমিকরা কোনো প্রানী হত্যা করতে পারবে না।
- লতাপাতার গাছ অপসারণ পরিহার করতে হবে।
- এলাকার বর্জ্য অপসারণের জায়গাতে সবুজ চত্বর অর্থাৎ বাগান তৈরি করা।
- প্রকল্প এলাকায় কমপক্ষে ৩১৪৫টি গাছ রোপন করা প্রয়োজন। প্রকল্প এলাকায় একটি গাছ কাটলে ৩টি গাছ রোপন করা। গাছ রোপনের পর্যাপ্ত জায়গা না থাকলে, বাসস্থান সংলগ্ন জায়গায় গাছ রোপন করা প্রয়োজন। প্রকল্প এলাকায় বিভিন্ন জাতের গাছ রোপন করা।
- নির্মাণ কাজ শুরু করার পূর্বে প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে সীমানা বৃদ্ধি করা প্রয়োজন। কমপক্ষে ১.৫ মিটার উঁচু দেয়াল নির্মাণ করা প্রয়োজন।

স্থলজ প্রানীকূল এবং বন্যপ্রানী

- এলাকা সাইটে মাটি ভরাট করার পূর্বে ধীরে চলা স্থলজ প্রানীগুলো তাড়িয়ে দেয়া প্রয়োজন।
- এলাকার বন্য প্রানীগুলো সংরক্ষণের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।

জলজ প্রানীকূল এবং ডলফিন

- জলজ পরিবেশে স্থলের দূষণকারী বস্তুসমূহ যাতে না মিশে সেটা নিশ্চিত করা।
- বর্ষাকালে ডলফিনগুলো পানিতে বিচরণ করে। অতএব বর্ষাকালে নদীতে নির্মাণ কাজ পরিহার করা।
- ভূমিতে নির্মাণ কাজ করার সময় অস্থায়ী ভাবে বেড়িকেড দেওয়ার ব্যবস্থা করা।

- ড্রিলিং পয়েন্টের সিমেন্টের গুড়াগুলো নিরাপদ স্থানে স্তুপ আকারে জমা করা।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- পাইলিং করার সময় পরিত্যক্ত মাটির এক জায়গায় স্তুপ আকারে জমা করা।
- মাছ সংরক্ষণ আইন বাস্তবায়নের জন্য সচেতনতা সৃষ্টি করা। স্থানীয় প্রজাতির মৎসসমূহ উৎপাদন বৃদ্ধি করার জন্য প্রশমনের পদক্ষেপ গ্রহণ করা।
- বিপন্ন মৎস প্রজাতিসমূহ সংরক্ষণের জন্য মৎস অধিদপ্তরের সঙ্গে সহযোগিতা করা প্রয়োজন। বিপন্ন মৎস প্রজাতিসমূহ সংরক্ষণের জন্য পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

৫) আশুগঞ্জ কার্গো টার্মিনাল সাইট

গাছপালা

- ঠিকাদার সরকারি নিয়ম কানুন মেনে উদ্ভিদকূল এবং প্রানীকূল সংরক্ষণ করবে। প্রকল্প এলাকাতে শমিকরা কোনো প্রানী হত্যা করতে পারবে না।
- লতাপাতার গাছ অপসারণ পরিহার করতে হবে।
- এলাকার বর্জ্য অপসারণের জায়গাতে সবুজ চত্বর অর্থাৎ বাগান তৈরি করা।
- প্রকল্প এলাকায় কমপক্ষে ৫৭০টি গাছ রোপন করা প্রয়োজন। প্রকল্প এলাকায় একটি গাছ কাটলে ৩টি গাছ রোপন করা। প্রকল্প এলাকায় বিভিন্ন জাতের গাছ রোপন করা।
- নির্মাণ কাজ শুরু করার পূর্বে প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকার বাইরে সীমানা বৃদ্ধি করা প্রয়োজন। কমপক্ষে ১.৫ মিটার উঁচু দেয়াল নির্মাণ করা প্রয়োজন।

স্থলজ প্রানীকূল এবং বন্যপ্রানী

- এলাকা সাইটে মাটি ভরাট করার পূর্বে ধীরে চলা স্থলজ প্রানীগুলো তাড়িয়ে দেয়া প্রয়োজন।
- এলাকার বন্য প্রানীগুলো সংরক্ষণের জন্য স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে হবে।

জলজ প্রানীকূল এবং ডলফিন

- জলজ পরিবেশে স্থলের দূষণকারী বস্তুসমূহ যাতে না মিশে সেটা নিশ্চিত করা।
- বর্ষাকালে ডলফিনগুলো পানিতে বিচরণ করে। অতএব বর্ষাকালে নদীতে নির্মাণ কাজ পরিহার করা।
- পাইলিং করার সময় পরিত্যক্ত মাটি এক জায়গায় স্তুপ আকারে জমা করা।
- মাছ সংরক্ষণ আইন বাস্তবায়নের জন্য সচেতনতা সৃষ্টি করা। স্থানীয় প্রজাতির মৎসসমূহ উৎপাদন বৃদ্ধি করার জন্য প্রশমনের পদক্ষেপ গ্রহণ করা।
- বিপন্ন মৎস প্রজাতিসমূহ সংরক্ষণের জন্য মৎস অধিদপ্তরের সঙ্গে সহযোগিতা করা প্রয়োজন। বিপন্ন মৎস প্রজাতিসমূহ সংরক্ষণের জন্য পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।
- ভূমিতে নির্মাণ কাজ করার সময় অস্থায়ী ভাবে বেড়িকেড দেওয়ার ব্যবস্থা করা।
- ড্রিলিং পয়েন্টের সিমেন্টের গুড়াগুলো নিরাপদ স্থানে স্তুপ আকারে জমা করা।

সামাজিক পরিবেশ

- ভূমি অধিগ্রহণের জন্য যথাযথ ক্ষতিপূরণ প্রদান করতে হবে। বাংলাদেশ সরকারের আইন বিশ্বব্যাংকের বিদ্যমান নীতি এবং নির্দেশিকা অনুসারে জমি অধিগ্রহণের জন্য সকল প্রকার ক্ষতিপূরণ প্রদান করতে হবে। বাংলাদেশ সরকারের আরিপি, ২০১৭ এবং বিশ্বব্যাংকের অপারেশন পলিসি ৪.১২ অনুসরণ করে পূর্নবাসন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়।
- প্রকল্প বাস্তবায়নের সময় ক্ষতিগ্রস্ত গাছগুলোর বাজার মূল্য নির্ধারণ করা।
- প্রাকৃতিক পরিবেশের সঙ্গে সঙ্গতি রেখে নতুন বৃক্ষ রোপন করা।
- প্রকল্পে কাজে ক্ষতিগ্রস্ত জনগণের চাকুরী সুযোগ করে দেয়া।
- ক্ষতিগ্রস্ত জনগণের জীবিকা এবং জীবনের মান উন্নয়নের জন্য বিভিন্ন আয় বর্ধক কর্মসূচী গ্রহণ করতে হবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- ক্ষতিগ্রস্ত জনগণের দোকান পাট এবং ঘরবাড়ি ভালো জায়গায় স্থানান্তর করতে হবে। এদের জন্য ন্যূনতম নাগরিক সুবিধাদি প্রদান করা প্রয়োজন।
- ঠিকাদার কর্তৃক শ্রমিকদের জন্য ভালো মজুরি, খাওয়ার ব্যবস্থা এবং থাকার ব্যবস্থা করতে হবে।

শ্রমিকেরা যাতে অসামাজিক কার্যক্রম এবং যৌন নিপড়নমূলক কাজে জড়িত না হয় তার জন্য তাদেরকে প্রশিক্ষণ প্রদান বাধ্যতামূলক করতে হবে। মহিলাদের পাচার করা স্বাস্থ্যযোগ্য অপরাধ হিসেবে গন্য হবে।

৫.২.৩. অপারেশন পর্যায়ে প্রধান প্রভাবসমূহ

- নদীর ট্রাফিক বৃদ্ধি পাবে এবং পোর্ট অপারেশনে রাস্তা ট্রাফিকও বৃদ্ধি পাবে।
- কার্বনডাইঅক্সাইডের সাথে সংশ্লিষ্ট নৌযান এবং কার্গো হতে নাইট্রোজেন অক্সাইড নির্গমণ।
- উপচেপড়া এবং দূষণকারী বস্তু পানিতে প্রবেশ করবে।
- উপচেপড়া এবং দূষণকারী বস্তু পানিতে প্রবেশ করবে এবং পরবর্তীতে পলিজমবে।
- দূষণকারী বস্তু নিকটবর্তী খামারের ফসলে এবং মাটিকে দূষণ করবে।
- নৌযান চলাচল বৃদ্ধি এবং পানির দূষণ মৎস জীব বৈচিত্র্যে প্রভাব ফেলবে।
- কঠিন বর্জ্য বৃদ্ধি ব্যবস্থাপনা করা না হলে মাটির দূষণ বৃদ্ধি পাবে।
- নতুন কার্গো টার্মিনাল নৌকার প্যাসেঞ্জারকে স্থানচ্যুত করবে, কার্গো নৌযান চলাচলের ফলে নৌকার প্যাসেঞ্জারের উপর প্রভাব পাবে।
- নতুন টার্মিনাল এবং নৌযান চলাচলের ফলে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।
- নতুন টার্মিনালের ফলে নিকটবর্তী এলাকায় বানিজ্যিক এবং শিল্প কার্যক্রম চালু হবে।
- নতুন টার্মিনালের ফলে নিকটবর্তী এলাকায় বানিজ্যিক এবং শিল্প কার্যক্রম চালু হবে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে এবং আয় বৃদ্ধি পাবে।
- ট্রাক চলাচল করলে স্থানীয় ট্রাফিক ক্ষতিগ্রস্ত হবে।

৫.২.৪. অপারেশন পর্যায়ে প্রশমনের পদক্ষেপসমূহ

- বায়ুর গুণগতমান এবং কোলাহল
- যানবাহনগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণের ফলে এগুলো ভালো অবস্থায় থাকবে।
- সবচেয়ে কম শব্দ সৃষ্টিকারী যানবাহন ব্যবহার করা, যাতে কোলাহল কমে যাবে।
- পাইপের ছিদ্র নির্ণয় এবং তেলের ট্যাঙ্ক মেরামত করা।
- পানির গুণগতমান।
- বর্জ্যপানি পরিশোধন করে মাটিতে ছাড়লে ভূগর্ভস্থ পানির দূষণ কমে যাবে।
- স্পিল প্রোটোকল প্রণয়ন এবং প্রয়োগ করা।
- ভূ-গর্ভস্থ পানি
- ঝড়ের পানি ড্রেনেজের মাধ্যমে নিষ্কাশন করতে হবে। ঝড়ের পানি যাতে উপরিভাগের পানির সঙ্গে মিশতে না পারে সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা বাঞ্ছনীয়।
- নৌযানের তেল যাতে পানিতে মিশতে না পারে সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- টার্মিনাল গুলোতে ট্রাকের ট্যাঙ্কার বোঝাই এবং খালাসের জন্য পৃথক এলাকা থাকা প্রয়োজন।
- মৎস প্রতিবেশ
- নৌযানের ব্যবহৃত জ্বালানি এবং তৈলাক্ত পদার্থ নিসরনের উপর কঠোর নিয়ন্ত্রণ আরোপ বাস্তবায়ন।
- কঠিন বর্জ্য সংগ্রহ, জমা এবং নিরাপদে ফেলে দেওয়ার জন্য একটি বর্জ্য ব্যবস্থাপনা কর্মসূচী তৈরী ও বাস্তবায়ন।
- স্পিল প্রোটোকল প্রণয়ন এবং প্রয়োগ করা।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- কার্গো এলাকায় জাহাজের মালামাল বোঝাই ও খালাস সাবধানে করতে হবে যাতে এসব উপাদান জলজ পরিবেশে খালাস না হয়।
- গাঙ্গেয় ডলফিন।
- নৌযান এভাবে চালাতে হবে যাতে সেখানে ডলফিন বিচরণ না করে।

৫.৩. কিউমোলেটিভ প্রভাবসমূহ

একটি প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত কিউমোলেটিভ প্রভাবসমূহ ক্রমশ বৃদ্ধি পায় এবং ভবিষ্যতে একটা যৌক্তিক পর্যায়ে পৌঁছে। যৌক্তিক কারণে কিউমোলেটিভ প্রভাবসমূহ চিহ্নিতকরণ এবং ব্যবস্থাপনা করা সহজ হয়। ক্ষমিগ্রস্ত কমিউনিটিগুলোর উপর কিউমোলেটিভ প্রভাব পড়ে।

সকল এস-৩ এবং এস-৪ এলাকার পরিবেশগত প্রভাবসমূহ দ্বারা প্রকল্প ক্ষতিগ্রস্ত হয়। প্রশমনের পদক্ষেপসমূহ উন্নয়নের মাধ্যমে এ প্রভাবসমূহ স্তিমিত করা যায়। এস-৩ এবং এস-৪ প্রকল্প এলাকার কিউমোলেটিভ প্রভাবসমূহ মূল্যায়নের মাধ্যমে প্রয়োজনীয় প্রশমনের পদক্ষেপসমূহ চিহ্নিত করা যায়। পোর্ট, নদী পরিবহন ইত্যাদি সম্পর্কিত উন্নয়নমূলক কাজগুলো চিহ্নিত করা যায়।

ভিইসিএস গুলো চিহ্নিত করার মাধ্যমে বিবেচ্য বিষয়গুলো পরীক্ষা করা যাবে।

চিহ্নিত ভিইসিএস গুলো নিম্নে প্রদান করা হলো:

- বায়ুর গুণমান
- কোলাহল
- পানির গুণমান
- জলজ ইকোসিস্টেম

উল্লেখ্য যে, বিআরডব্লিউটিপি-১ এর পরিবেশগত ও সামাজিক প্রভাবসমূহ মূল্যায়ন এবং চিহ্নিত করা যায়। যেমন- গাঙ্গেয় ডলফিন হলো ভিইসি-এর উদাহরণ।

প্রকল্পের টার্মিনালসমূহ এবং অন্যান্য উন্নয়নমূলক কাজের প্রভাবসমূহ:

- পরিবেশ দূষনকারী গ্যাস নির্গত হওয়ার ফলে চারদিকের পরিবেশ দূষিত হবে।
- টার্মিনালগুলো উন্নয়নের ফলে পানির স্থান, নদীর পানি ইত্যাদির দূষণ বৃদ্ধি পাবে।
- পানিতে লবণাক্ততা বৃদ্ধি পাবে।
- জলজ প্রাণী এবং ইকোসিস্টেম ক্ষতিগ্রস্ত হবে।
- প্রকল্প এলাকায় স্থানীয় পরিবহন চলাচল বৃদ্ধি পাবে।
- অভ্যন্তরীণ নৌপরিবহনের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং এগুলো আধুনিকীকরণ হবে।

৫.৩.১. ভিইসিএস এর ভবিষ্যত অবস্থার মূল্যায়ন

বায়ুর গুণমান এবং কোলাহল

সকল প্রকল্প এলাকায় বায়ু দূষণ এবং কোলাহলের মাত্রা ক্রমশঃ বৃদ্ধি পাবে। এলাকাগুলোতে ভারী যানবাহন চলাচল বৃদ্ধি পাবে এবং শিল্পকারখানা গড়ে উঠবে। নতুন নতুন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের ফলে বায়ু দূষণ, কোলাহলের মাত্রা ইত্যাদি সমস্যার সৃষ্টি হবে।

পানির গুণমান

বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, মেঘনা এবং কীর্তনখোলা নদীর পানির দূষণ ক্রমশঃ বৃদ্ধি পাবে। এসকল নদীগুলোতে বর্জ্য পানি এবং শিল্প কারখানার বর্জ্য ফেলার ফলে ইতোমধ্যে পানি অনেক দূষিত হয়ে গেছে। পানি দূষিত হওয়ার ফলে মৎস সম্পদ ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং অন্যান্য জলজ প্রাণীর জীবন বিপন্ন হচ্ছে। সকল এলাকায় স্বল্পমেয়াদী নির্মাণ কাজের ফলে ক্ষতির পরিমাণ কম হবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



প্রকারান্তরে দীর্ঘমেয়াদী নির্মাণ কাজের ফলে জলজ প্রানীকুলের ব্যাপক ক্ষতি হবে। শ্রোতের অনুকূলে এবং প্রতিকূলে অন্যান্য প্রকল্পের কার্যক্রম পানির গুণমানের উপর প্রভাব ফেলবে। প্রকল্পের অপারেশন কালীন সময়ে বর্জ্য এবং বর্জ্য পানি নির্গত হওয়ার ফলে কিউমোলেটিভ প্রভাব বৃদ্ধি পাবে।

এখানে উল্লেখ্য যে, টার্মিনালগুলোর উন্নয়ন এবং নির্মাণ কাজের ফলে পানির গুণমানের উপর প্রভাব পড়বে। প্রকল্পের অন্যান্য সুবিধাগুলো পরিবেশ বান্ধব উপায়ে ডিজাইন এবং ব্যবস্থাপনা করলে দূষণ কমে আসবে। বর্জ্য পরিশোধন এবং সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা করার মাধ্যমে অনেক সমস্যার সমাধান সহজ হবে।

জলজ ইকোসিস্টেম

প্রকল্পভুক্ত নদীগুলোতে ড্রেজিং এবং অভ্যন্তরীণ নির্মাণ কার্যক্রমের ফলে জলজ প্রানীকুলের উপর নেতিবাচক প্রভাব পড়বে। পানগাঁও কার্গো টার্মিনাল নির্মাণের ফলে বর্জ্য এবং বর্জ্য পানির মাধ্যমে কিউমোলেটিভ প্রভাব বৃদ্ধি পাবে এবং নদীর ইকোসিস্টেম বিঘ্নিত হবে।

আইডব্লিউটি এর সম্ভাব্য উন্নয়ন এবং ড্রেজিং কার্যক্রমের ফলে মৎস ক্ষেত্রসমূহের প্রজননের উপর প্রভাব পড়বে। টার্মিনালসমূহ উন্নয়নের ফলে বর্জ্য পানি নির্গত হবে এবং অন্যান্য প্রতিকূল প্রভাব বৃদ্ধি পাবে।

ডলফিন

প্রকল্পের কার্যক্রমের ফলে নদীতে ভেসেলে ট্রাফিক বৃদ্ধি পাবে এবং ডলফিনের উপর কিউমোলেটিভ প্রভাব পড়বে। ফেরি পারাপার এবং বার্ষিক কার্যক্রম বৃদ্ধি পাওয়ার ফলে নদীর মৎস ক্ষেত্র এবং ডলফিনের আবাসস্থল ক্ষতিগ্রস্ত হবে। ভেসেলে ট্রাফিক চলাচল, নৌকা চলাচল এবং যান্ত্রিক ফেরি চলাচলের জয়গাগুলোতে ডলফিন সাঁতার কাটে। নদীর পরিবহন বৃদ্ধি পাওয়ার ফলে কোলাহল এবং কম্পান বৃদ্ধি পাবে। পানগাঁও এলাকায় ড্রেজিং এর কাজ অপেক্ষাকৃত কম হবে এবং আশুগঞ্জ এলাকায় ড্রেজিং এর কাজ বেশি হবে।

৫.৩.২. কিউমোলেটিভ প্রভাবসমূহের প্রশমন

বিভিন্ন প্রকল্পে বাস্তবায়িত প্রয়োজনীয় প্রশমন প্রকল্পিত সার্বিক কিউমোলেটিভ প্রভাবসমূহের নির্দেশনা প্রদান করে। ভিইসিএস সার্বিক অবস্থা সুসংহত এবং পারিপার্শ্বিক অবস্থার গুণাগুণ মানদণ্ডের সঙ্গে সঙ্গতিপূর্ণ।

সকল এলাকার জন্য নিম্নে উল্লেখিত পদক্ষেপ সমূহ অনুসরণ করা প্রয়োজন:

- বিআইডব্লিউটিএ ভেসেলে অপারেটর, সিটি, আইসিডি এবং পিটি কর্তৃপক্ষসহ সকলের সঙ্গে আলোচনা এবং পর্যালোচনা করে। দূষণ নিয়ন্ত্রণ কর্মসূচী বাস্তবায়ন করবে।
- এলাকা সমূহের বায়ুর গুণমান এবং কোলাহলের মাত্রা পরীক্ষণ করে প্রয়োজন সমূহ বাস্তবায়ন করা হবে।
- টার্মিনালসমূহের চারিদিকের পানিতে বর্জ্য এবং বর্জ্য পানি পরিশোধন করে ফেলতে হবে এবং পানি দূষণমুক্ত রাখা নিশ্চিত করতে হবে।

ইএসএমপি প্রতিবেদনে উল্লেখিত প্রশমনের পদক্ষেপসমূহ প্রতিটি ফেজে বাস্তবায়ন করতে হবে। টার্মিনাল নির্মাণ এবং অপারেশন পর্যায়ে প্রশমনের সুনির্দিষ্ট পদক্ষেপগুলো প্রতিটি এলাকার জন্য অনুসরণ করতে হবে:

পানগাঁও এবং শ্মশানঘাট প্যাসেঞ্জার টার্মিনাল সাইট

পানগাঁও এবং শ্মশানঘাট সাইট বুড়িগঙ্গা নদীর অতি সন্নিকটে অবস্থিত। পানগাঁও এলাকার জন্য বর্ণিত কিউমোলেটিভ প্রভাবসমূহ শ্মশানঘাট এলাকার জন্যও সম্পূর্ণরূপে প্রযোজ্য হবে। সুতরাং পানগাঁও এলাকার সাইটের জন্য বর্ণিত প্রশমন পদক্ষেপসমূহ শ্মশানঘাট সাইটের জন্যও প্রযোজ্য হবে।

নারায়নগঞ্জ প্যাসেঞ্জার টার্মিনাল সাইট

নারায়নগঞ্জ শহরের শত শত শিল্প কারখানা থেকে সৃষ্ট বর্জ্যসমূহ শীতলক্ষ্যা নদীর পানি মারাত্মকভাবে দূষিত করছে। পানি দূষিত হওয়ার কারণে মৎস সম্পদ এবং জলজ প্রানীকুল ক্ষতিগ্রস্ত হচ্ছে। যাইহোক, বর্ষার মৌসুমে পানির গুণমান কিছুটা ভালো হওয়ার কারণে মৎসের বিচরণ বৃদ্ধি পায়। সকল এলাকার স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী নির্মাণ কার্যক্রমের ফলে জলজ প্রানীকুলের উপর নেতিবাচক প্রভাবসমূহ বৃদ্ধি পায়।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআইডব্লিউটিএ-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



আশুগঞ্জ কার্গো টার্মিনাল সাইট

আশুগঞ্জ কার্গো টার্মিনালের ১.৫ কিলোমিটারের মধ্যে ভারতীয় জাহাজের জন্য একটি নতুন আইসিডি টার্মিনাল উন্নয়ন করা হবে। এতে বায়ু দূষণ, কোলাহল এবং নৌদ্রাফিক কার্যক্রম বৃদ্ধি পাবে। টার্মিনালের সন্নিকটে পেট্রোলিয়াম ডিপো, জাহাজ থেকে পেট্রোলিয়াম পাবে। এর ফলে স্থানীয় নৌদ্রাফিক জ্যাম বৃদ্ধি পাবে। বিদ্যমান বিআইডব্লিউটিএ লঞ্চঘাট এই সাইটের এক কিলোমিটারের মধ্যে অবস্থিত। যার ফলে এলাকায় নৌদ্রাফিক চলাচল বৃদ্ধি পাবে এবং নদীর পানি দূষণ বাড়বে। প্রস্তাবিত কার্গো টার্মিনাল এবং আইসিডি টার্মিনাল কার্যক্রম শুরু হওয়ার ফলে এলাকার দ্রাফিক চলাচলের অবস্থা আরো খারাপ হবে। প্রতিনিয়ত নৌপরিবহন বৃদ্ধির ফলে পানির গুণমান খারাপ হবে। এতে জলজ প্রানীকূল, মাছ এবং ডলফিনের উপর নেতিবাচক প্রভাব বৃদ্ধি পাবে। সুতরাং স্টেকহোল্ডারদের সঙ্গে ক্রমাগত আলোচনার করে একটা সম্মত প্রচেষ্টার মাধ্যমে প্রশমনের পদক্ষেপসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

বরিশাল প্যাসেঞ্জার টার্মিনাল সাইট

পায়রা গভীর সমুদ্র বন্দর, বিদ্যুৎ কেন্দ্র এবং এলএনজি প্লান্টসহ অন্যান্য উন্নয়ন কার্যক্রমের ফলে পানির গুণমান খারাপ হতে পারে। সুতরাং এই এলাকার কিউমোলেটিভ প্রভাবসমূহ পরিবীক্ষণ করা প্রয়োজন হবে।

চাঁদপুর প্যাসেঞ্জার টার্মিনাল সাইট

এই এলাকায় নৌদ্রাফিক বৃদ্ধি পাবে। এই এলাকায় নদীর সংযোগ স্থল প্রস্তুত হলেও নৌদ্রাফিক জ্যাম সৃষ্টি হবে। এখানে অন্যান্য উন্নয়ন কার্যক্রম না হওয়ার ফলে, কিউমোলেটিভ প্রভাব সম্পর্কে আগাম কিছু বলা যায় না।

সাধারণ প্রশমনের পদক্ষেপসমূহ

এস-৩ এবং এস-৪ প্যাকেজ এর কার্যক্রম অপারেশন কালীন সময়ে বিআইডব্লিউটিএ নিম্নে উল্লেখিত প্রশমনের পদক্ষেপ সমূহ বাস্তবায়ন করবে।

প্রধান প্রশমনের কাজগুলো নিম্নে উল্লেখ করা হলো:

- ভেসেলগুলো প্রতিনিয়ত রক্ষনাবেক্ষণ করা হলে বায়ু দূষণ এবং কোলাহলের মাত্রা কমবে।
- টার্মিনালগুলোতে প্রতিনিয়ত বায়ু দূষণ পরীক্ষা করা এবং বিআইডব্লিউটিএ এর নদী কেন্দ্রিক সুবিধাগুলো অটুট রাখা।
- ভেসেল থেকে নদীতে তরল এবং কঠিন বর্জ্য ফেলা। নদীর পানিতে দূষণযুক্ত জিনিসপত্র না ফেলার জন্য পরিবেশ বান্ধব ব্যবস্থাপনা পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।

ইএসআইএ প্রতিবেদনে প্রস্তাবিত প্রশমনের পদক্ষেপসমূহ সন্নিবেসিত করা হয়েছে। এই প্রশমনের পদক্ষেপসমূহ অনুসরণ করে চারটি প্যাসেঞ্জার এবং দুটি কার্গো টার্মিনালের কিউমোলেটিভ প্রভাবসমূহ প্রশমনের উদ্যোগ নিতে হবে।

৫.৩.৩. পরিবীক্ষণ

বহুমুখী উন্নয়ন কার্যক্রমে কিউমোলেটিভ প্রভাবসমূহ বৃদ্ধিপায়। বিআইডব্লিউটিএ, টার্মিনাল সমূহের উন্নয়ন কার্যক্রমে কিউমোলেটিভ প্রভাবসমূহ নিরসন করবে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় কিউমোলেটিভ প্রভাবসমূহ কমিয়ে প্রশমনের পদক্ষেপসমূহ বাস্তবায়ন করা হবে। বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিপি এর কাঠামোর আওতায় টার্মিনালগুলোর উন্নয়ন কার্যক্রম পরিচালনা করবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



৬. জলবায়ুর পরিবর্তন:

স্থানীয় পর্যায়ে ভবিষ্যতে জলবায়ু পরিবর্তন সম্পর্কে ভবিষ্যৎবাণী করা অসম্ভব। বিশ্বব্যাপী গ্রিনহাউজ গ্যাস কতটা নির্গত হবে সেটা নিশ্চিত করে বলা যায় না। জলবায়ুর বিভিন্ন ভেরিয়েবল যেমন, তাপমাত্রা এবং বৃষ্টিপাত কতটা বাড়বে এবং কমে, এটা গ্রিন হাউজ গ্যাস নির্গত হওয়ার উপর নির্ভর করে।

জলবায়ু পরিবর্তনের জন্য প্রকল্পের উপর প্রভাবসমূহ সারণী ৩৩-এ উল্লেখ করা হলো।

সারণী ৩২: প্রকল্প করিডোরের জন্য জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ এবং খাপ খাওয়ানোর পদক্ষেপসমূহ।

জলবায়ুর উপাদান	পরিবর্তনের অবস্থান	প্রভাবসমূহ	সুপারিশকৃত কার্যক্রম
তাপমাত্রা	বর্তমান পরিবর্তন: বিগত ৫০ বছরে ০.৪০ ° সেলসিয়াস। ভবিষ্যৎ ২০৩০ সাল পর্যন্ত এবং ১.৩৮-১.৪২ ° সেলসিয়াস এবং ২০৫০ সাল পর্যন্ত ১.৯৮-২.৩৫°।	দীর্ঘসময় তাপের জন্য অবকাঠামো ক্ষতিগ্রস্ত হবে এবং খারাপ কিউরিং এর জন্য কনক্রিট কাঠামো দুর্বল হবে।	উচ্চ তাপমাত্রায় স্থিতিস্থাপকতা উপযোগী নির্মাণ উপকরণ এবং ডিজাইন নির্বাচন করতে হবে। কনক্রিট কিউরিং এর জন্য অধিক পানি ব্যবহার করতে হবে।
		উপরি ভাগের পানি দ্রুত ঘনীভূত হয়ে যাবে। যার ফলে বাড়ীতে পানি সরবরাহ এবং সেচ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হবে। অত্যধিক তাপমাত্রার ফলে পানির ব্যবহার বেড়ে যাবে। তাপমাত্রা বৃদ্ধি এবং লবনাক্ততার জন্য কৃষি এবং মৎস ক্ষতিগ্রস্ত হবে।	জনসংখ্যা বৃদ্ধি এবং ভবিষ্যতে উন্নয়ন কার্যক্রম বৃদ্ধির ফলে পানির চাহিদা পূরণের জন্য পানি সরবরাহ প্রকল্প গ্রহণ করতে হবে। পারিবারিক কাজে ব্যবহারের জন্য বৃষ্টির পানি সংরক্ষণ করতে হবে। জনগণের ব্যবহারের জন্য পুকুরে বৃষ্টির পানি সংরক্ষণ করা যেতে পারে। অতিরিক্ত পানি সংরক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।
		উচ্চ তাপমাত্রার জন্য মানুষের হাট স্ট্রোক এবং পানি শূণ্যতা রোগ বৃদ্ধি পাবে। যার ফলে ডায়রিয়া, এজমা, হার্টের রোগ এবং কিডনির সমস্যা ইত্যাদি বৃদ্ধি পাবে।	বিল্ডিং-এর ভিতরের দিক যাতে ঠান্ডা থাকে, সেভাবে ডিজাইন করতে হবে। শহরের উপযুক্ত এলাকাগুলোতে সবুজ চত্বরের উন্নয়ন করতে হবে। এই সবুজ চত্বরের মাধ্যমে জনগণ স্টার সৌর বিকিরণ এবং তাপ থেকে রক্ষা পাবে।
বৃষ্টিপাত	বর্তমান ধারা: বিগত ৫০ বছরে ২৫ সেন্টিমিটার বৃষ্টিপাত হয়েছিল, ভবিষ্যতে বৃষ্টিপাত বৃদ্ধির শতকরা হারে ২০৩০ সালে ১৩.৫-১৮.৭%, ২০৫০ সালে ২২.৩-২৪.৭ এবং ২০৬০ সালে ২৭% বৃদ্ধি পাবে।	বন্যা অবকাঠামোকে প্রভাবিত করবে।	অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে বন্যায় রাস্তাঘাট, বাজার এবং গুরুত্বপূর্ণ স্থান প্লাবিত হয়ে যাবে। এজন্যে অবকাঠামো এভাবে নির্মাণ করতে হবে, যাতে বন্যায় এগুলো ক্ষতিগ্রস্ত না হয়। বন্যায় পানি সরবরাহ পাইপ লাইন এবং জলাধার যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেভাবে নির্মাণ করতে হবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



জলবায়ুর উপাদান	পরিবর্তনের অবস্থান	প্রভাবসমূহ	সুপারিশকৃত কার্যক্রম
		পয়ঃনিষ্কাশন চ্যানেলগুলো সংকুচিত হয়ে গেলে বন্যার প্রকোপ বৃদ্ধি পায়।	বিদ্যমান ড্রেনগুলো সম্প্রসারিত করতে হবে, যাতে এগুলোতে পানি প্রবাহ বৃদ্ধি পায়। নতুন ড্রেনগুলোতে যাতে বৃষ্টি পানি প্রবাহ বৃদ্ধি পায়, সেভাবে নির্মাণ করতে হবে। এই অঞ্চলে সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাবে। তৎজন্য পানি বৃদ্ধির নিষ্কাশনের ড্রেনগুলোর সক্ষমতা বাড়াতে হবে। পানি ব্যবস্থাপনা সুষ্ঠু ভাবে করার জন্য পানির চ্যানেলগুলোর ক্রস ড্রেনগুলোর আয়তন বাড়াতে হবে। এতে জমির সমস্যা হতে পারে। ড্রেনগুলো আবর্জনা মুক্ত রাখতে হবে। জরুরী ভিত্তিতে পানি অপসারণের জন্য পাম্পিং এর ব্যবস্থা রাখতে হবে।
বৃষ্টিপাত		অধিক বন্যায় কারণে রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হয়।	রাস্তাগুলো ডিজাইন অনুসারে বাঁকা রাখা আবশ্যিক। রাস্তার উপরিভাগে কনক্রিট ব্যবহার করা প্রয়োজন। রাস্তাগুলোতে শক্তিশালী ম্যাটেরিয়াল ব্যবহার করা আবশ্যিক।

৭. স্টেকহোল্ডার এবং জনগণের সঙ্গে আলোচনা :

শ্যামানঘাট, পানগাঁও, নারায়নগঞ্জ, আশুগঞ্জ, বরিশাল এবং চাঁদপুর টার্মিনাল এলাকায় ইএসআইএ সম্পর্কে স্টেকহোল্ডারদের সঙ্গে পরামর্শ সভা অনুষ্ঠিত হয়। এ সকল পরামর্শ সভায় ক্ষতিগ্রস্ত জনগণ, ভেস্‌ল, মালিক, শ্রমিক, প্যাসেঞ্জার এবং বিআইডব্লিউটিপি-এর স্থানীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ সকল সভাগুলোর দিন, তারিখ এবং স্থান সম্পর্কে জনগণকে পূর্বেই অবহিত করা হয়েছিল। ইএসআইএ সংক্রান্ত সমাজ উন্নয়ন এবং পুনর্বাসন বিশেষজ্ঞ, প্রতিবেশ এবং পরিবেশ বিশেষজ্ঞ এ সকল সভায় উপস্থিত ছিলেন। বিআইডব্লিউটিপি-এর জ্যেষ্ঠ কর্মকর্তা যেমন- পরিবেশ বিশেষজ্ঞ, সামাজিক বিশেষজ্ঞ এবং নির্বাহী প্রকৌশলী ও বেশ কিছু সভায় উপস্থিত ছিলেন।

প্রকল্প কর্তৃপক্ষের ভূমিকা, ক্ষতিগ্রস্ত জনগণ ও অন্যান্য স্টেকহোল্ডারদের ভূমিকা নিয়ে এ সকল সভায় আলোচনা করা হয়। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পুনর্বাসন এবং পরিবেশ সংক্রান্ত সমস্যা নিয়েও আলোচনা করা হয়। ৩৭৩ জন পুরুষ এবং ২০ জন মহিলাসহ মোট ৩৯৩ জন ৬টি পরামর্শ সভায় উপস্থিত ছিলেন।

এ সকল জনগণ আলোচনা সভায় সক্রিয় ভাবে অংশগ্রহণ করেন এবং প্রকল্পের উন্নতিকল্পে মতামত প্রদান করেন।

টিপসা এবং কেএস কনসালট্যান্টগণ এ সকল সভার আয়োজন করেছিল। সভার স্থানসমূহ এবং অংশগ্রহণকারীগণের তালিকা সারণী ৩৪-এ প্রদান করা হলো।

সারণী ৩৩: স্টেকহোল্ডার পরামর্শ সভার সার-সংক্ষেপ



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআইডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



তারিখ	স্থান	অংশগ্রহণকারীদে শ্রেণী বিভাগ	অংশগ্রহণকারীর সংখ্যা	
			পুরুষ	মহিলা
২২/১০/২০১৯	শ্মশানঘাট	ব্যবসায়ী, ওয়ার্ড কাউন্সিলর, শিক্ষক, চাকুরিজীবী, ছাত্র, শ্রমিক এবং বিআইডব্লিউটিপি কর্মকর্তা	৫২	০৮
২২/১০/২০১৯	পানগাঁও	ব্যবসায়ী, ইউপি সদস্য, শিক্ষক, নৌকার মাঝি, শ্রমিক এবং বিআইডব্লিউটিপি কর্মকর্তা	৫৩	০৪
২৩/১০/২০১৯	নারায়নগঞ্জ	ব্যবসায়ী, ডাক্তার, কার্গো মালিক, নৌকার মাঝি, টার্ক মালিক, শ্রমিক এবং বিআইডব্লিউটিপি কর্মকর্তা	৬০	০০
২৪/১০/২০১৯	আশুগঞ্জ	ব্যবসায়ী, কার্গো, লঞ্চ মালিক, নৌকার মাঝি, ডিপিইটিসি প্রশিক্ষক এবং প্রশিক্ষার্থী, ছাত্র, শ্রমিক এবং বিআইডব্লিউটিপি কর্মকর্তা	৬৩	০০
২৭/১০/২০১৯	বরিশাল	ব্যবসায়ী, ওয়ার্ড কাউন্সিলর, চাকুরিজীবী, শ্রমিক, নৌকার মাঝি, বিআইডব্লিউটিপি কর্মকর্তা	৭৮	০৬
২৯/১০/২০১৯	চাঁদপুর	মেয়র, কাউন্সিলর, অটো-রিকসা চালক, ব্যবসায়ী, চাকুরিজীবী, শ্রমিক নৌকার মাঝি, ছাত্র, শ্রমিক নেতা, রিক্সা চালক, বিআইডব্লিউটিপি কর্মকর্তা		
মোট	০৬		৩৭৩	২০

পরামর্শ সভা ছাড়াও ৫টি টার্মিনাল এলাকায় ২৪টি ফোকাস গ্রুপ আলোচনা অনুষ্ঠিত হয়। এ সকল ফোকাস গ্রুপ আলোচনায় বিভিন্ন পেশার লোক অংশগ্রহণ করেন। শ্মশানঘাট এলাকায় কোন ফোকাস গ্রুপ আলোচনা হয়নি। শ্মশানঘাট প্রকল্প এলাকায় মাত্র ১টি দোকান ক্ষতিগ্রস্ত হয়েছে। উক্ত সমীক্ষার শুরুতেই শ্মশানঘাট এলাকায় বিভিন্ন শ্রেণীর স্টেকহোল্ডারদের সংঙ্গে ব্যাপক আলোচনা হয়। বিভিন্ন পেশার ৪১১ জন লোক ২৪টি ফোকাস গ্রুপ আলোচনায় অংশগ্রহণ করেন। বস্তিবাসী, বিক্রেতা, ভাড়াটিয়া, শ্রমিক, জমির মালিক এবং মহিলা পরিবার প্রধান ইত্যাদি লোকের ফোকাস গ্রুপ আলোচনায় উপস্থিত ছিলেন। এ সকল পরামর্শ সভায় উপস্থিত বিভিন্ন স্টেকহোল্ডারদেরকে প্রকল্পের বিভিন্ন দিক, সম্ভাব্য প্রভাবসমূহ এবং সমস্যা সমাধানের বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে ধারণা দেয়া হয়। বিভিন্ন এলাকায় বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণকারীগণ, প্রকল্প এলাকায় জমি অধিগ্রহণ ক্ষতিপূরণ প্রদান, পুনবাসন সুবিধা প্রদান, স্থানান্তর সুবিধা, জীবিকা পুনরুদ্ধার ইত্যাদি বিষয়ের উপর আলোকপাত করেন। তাছাড়া, টার্মিনাল এলাকায় মহিলা ও পুরুষের সমান সুযোগ-সুবিধা প্রদানের বিষয়ে ও আলোচনা করা হয়।

ইএসআইএ পরামর্শগণ আলোচনায় অংশগ্রহণকারী ক্ষতিগ্রস্ত জনগণ এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের সকল প্রশ্নের উত্তরদেয় এবং উত্থাপিত বিভিন্ন সমস্যা নিরসনের আশ্বাস প্রদান করেন। এলাকা ভিত্তিক সভায় অংশগ্রহণকারীকর্তৃক উত্থাপিত বিভিন্ন সমস্যা এবং কনসালট্যান্টকর্তৃক প্রদত্ত উত্তরসমূহ সারণী ৩৫-এ বর্ণনা করা হলো।

সারণী ৩৪: পরামর্শ সভায় জনগণকর্তৃক উত্থাপিত বিভিন্ন সমস্যাসমূহ।

এলাকা	জনগণকর্তৃক উত্থাপিত সমস্যাসমূহ
শ্মশানঘাট	* কয়েক সপ্তাহ পূর্বে বিআইডব্লিউটিপি-কর্তৃক ভেঙ্গে ফেলা ব্যবসা এবং কাঠামোর ক্ষতিপূরণ প্রদান।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



	<ul style="list-style-type: none">* শ্মশানঘাট একটি আবাসিক এলাকা। এটি বাংলাদেশ সেনাবাহিনী ক্যাম্প এবং পোস্তগোলা সেতুর সন্নিকটে অবস্থিত। এ সকল কারণে টার্মিনালের জন্য বিকল্প জায়গার ব্যবস্থা করা প্রয়োজন।* জনগণ ব্যবসার জন্যই বাংলাদেশ রেলওয়ে থেকে জমি লিজ নিয়েছে। জনগণ তাদের ক্ষতির জন্য ক্ষতিপূরণ পাবে কি-না।* হিন্দু সম্প্রদায়ের মৃত দেহ দাহ করা এবং পূজার মূর্তি নদীতে ফেলা ইত্যাদির জন্য নদীতে যাওয়ার রাস্তা প্রয়োজন হবে।* উন্নত টার্মিনালে মহিলা এবং অক্ষমদের জন্য সকল সুবিধার ব্যবস্থা রাখা।* ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ এবং সবিধাদির ব্যবস্থা করা।* শ্মশানঘাট এলাকায় দ্বিতীয় বৃহত্তম জাহাজ ভাঙ্গার কারখানা অবস্থিত। এখানে হাজার হাজার লোক কাজ করছে। তাদের জীবিকার পথ কিভাবে সংরক্ষণ করা হবে।* শ্মশানঘাট এলাকায় যোগাযোগের রাস্তা সরু উন্নত টার্মিনাল ব্যবস্থায় কিভাবে রাস্তা প্রশস্ত করা হবে।
পানগাঁও	<ul style="list-style-type: none">* যতটা সম্ভব ব্যক্তিগত জমি অধিগ্রহণ পরিহার করা। জরুরী প্রয়োজনে খালি জায়গা অধিগ্রহণ করা এবং আবাসিক এলাকা অধিগ্রহণ পরিহার করা।* অধিগ্রহণকৃত জমির পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদান।* একটি ভাল মসজিদ নির্মাণসহ টার্মিনালের সুবিধাদি পরিকল্পনা করা।* জনগণ তাদের দৈনন্দিন প্রয়োজনে প্রতিনিয়ত নদী পার হয়ে পাগলা আসা-যাওয়া করে। নদী পারাপারের জন্য সিড়িসহ পৃথক পন্থন নির্মাণ প্রয়োজন।* কার্গো টার্মিনাল থেকে নিরাপদ দূরত্বে নদী পারাপারের জন্য প্যাসেঞ্জার শেডসহ পন্থন নির্মাণ করা।
নারায়নগঞ্জ	<ul style="list-style-type: none">* ব্যক্তিগত জমি অধিগ্রহণ পরিহার করা।* স্থানান্তরিত দোকানগুলো ক্ষতিপূরণ প্রদান।* টার্মিনালের ভিতরে এবং বাইরে দোকানদারদের জন্য দোকানের ব্যবস্থা করা।* পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখা।* নদী পারাপারের নৌকার জন্য নিরাপদ দূরত্বে পৃথক সিড়িসহ পন্থনের ব্যবস্থা রাখা।* প্রকল্প নির্মাণ এবং পরিচালনার সময়ে ক্ষতিগ্রস্ত লোকদের চাকুরির সুযোগ দেয়া।* টার্মিনাল ব্যবহারকারীদের জন্য ১০টি বিছানাসহ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা রাখা।* টার্মিনাল এলাকায় মহিলা এবং অক্ষম ব্যক্তিদের জন্য পৃথক টয়লেট।* প্রার্থনা কক্ষ এবং শিশুদের স্তন্য দানের ব্যবস্থা রাখা।
আশুগঞ্জ	<ul style="list-style-type: none">* বিদ্যমান টার্মিনালের পরিবর্তে, পেট্রো বাংলার নিকটবর্তী সড়ক ও জনপথ অধিদপ্তরের ২৮ একর জায়গায় নতুন টার্মিনাল নির্মাণ করা যেতে পারে। বিপুল ক্ষতিপূরণ এবং দোকান-পাটের ব্যাপক স্থানান্তর পরিহার করার জন্য সড়ক ও জনপথের জায়গায় টার্মিনাল নির্মাণ করা অধিকতর সমীচীন হবে।* সড়ক ও জনপথের অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ভৈরব সেতুর পুনর্বাসন এলাকায় দোকান-পাটগুলো পুনর্বাসন প্রয়োজন হবে।* এখানকার ব্যবসা-বানিজ্য যেহেতু নদীর উপর নির্ভরশীল, সে জন্য নদীতে যাওয়ার পথ সুগম করতে হবে।* এখানে প্রায় ৫০টি নদী পারা-পারের নৌকা চলাচল করে এবং প্রায় ৩০০ পরিবারের জীবিকা নদীর উপর নির্ভরশীল। তৎজন্য নৌকায় উঠা-নামার জন্য পৃথক সিড়িসহ পন্থন থাকা প্রয়োজন।
বরিশাল	<ul style="list-style-type: none">* ব্যক্তিগত জমি অধিগ্রহণ পরিহার করা।* বিআইডব্লিউটিপিএ-এর জমিতে সিটি মার্কেট এবং সবজি মার্কেটের প্রায় ৫০০ দোকান আছে। এই জমিতে দোকানগুলো উপযুক্ত জায়গায় স্থানান্তর করা প্রয়োজন হবে।* কাঠামো এবং ব্যবসার ক্ষতিপূরণের পরিবর্তে স্থানান্তর আবশ্যিক।* ডিজাইন এবং স্থানান্তর পরিকল্পনা চূড়ান্ত করার পূর্বে মাননীয় মন্ত্রী এবং মেয়রের সংঙ্গে আলোচনা করা প্রয়োজন হবে।* নদী পারাপারের নৌকা এবং স্পীড বোটের জন্য পৃথক জায়গায় আলাদা সিড়িসহ পন্থন প্রয়োজন হবে।
চাঁদপুর	<ul style="list-style-type: none">* ব্যক্তিগত জমি অধিগ্রহণ পরিহার করা।* সরকারি জমিতে কাঠামো এবং ব্যবসার জন্য ক্ষতিপূরণ প্রদান।* বাংলাদেশ রেলওয়ের জমিতে বসবাসরত লোকদের জন্য ক্ষতিপূরণ এবং স্থানান্তর আবশ্যিক।* পরিবেশ সংক্রান্ত সমস্যাসমূহ সর্তকতার সংঙ্গে বিবেচনা করতে হবে।* টার্মিনালে যাতায়াতের জন্য রাস্তাসমূহের উন্নয়ন করা প্রয়োজন হবে।* টার্মিনাল থেকে বাসস্ট্যান্ড পর্যন্ত নদীর পার্শ্বের রাস্তাসমূহ নির্মাণ করতে হবে।

৮. পরিবেশগত ব্যবস্থাপনা এবং পরিবীক্ষণ :

সকল টার্মিনালসমূহের জন্য ইএসএমপি প্রতিবেদনের সাধারণ অধ্যায়সমূহ প্রযোজ্য এবং প্রত্যেকটি টার্মিনালের জন্য সুনির্দিষ্ট অধ্যায় প্রযোজ্য।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআইডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



সুতরাং ইএসএমটি প্রতিবেদন দুটো সেকশনে ভাগ করা হয়:

- সমীক্ষাধীন সকল টার্মিনালসমূহের জন্য ইএসএমপি এর সাধারণ সেকশন প্রযোজ্য।
- বরিশাল, চাঁদপুর, নারায়নগঞ্জ, শাশানঘাট, ডিইপিটিসি, পানগাঁও এবং আশুগঞ্জের জন্য এটি সুনির্দিষ্ট পরিশিষ্টসহ এলাকা ভিত্তিক ইএসএমপি প্রযোজ্য।

ইএসএমপি-এর প্রধান উদ্দেশ্য হলো প্রস্তাবিত প্রকল্পের ক্ষতিকর প্রভাবসমূহ উপসন্ন করা। প্রকল্প এলাকার জনগণ এবং পরিবেশের উপর ক্ষতিকর প্রভাবসমূহ কমিয়ে আনা।

সমীক্ষাধীন প্রত্যেকটি টার্মিনালের প্রশমনের পদক্ষেপসমূহের জন্য সুনির্দিষ্ট অধ্যায় এবং পরিশিষ্ট আছে। ঠিকাদার কর্তৃক প্রত্যেকটি টার্মিনালের জন্য সুনির্দিষ্ট পদক্ষেপসমূহ বাস্তবায়ন করা হবে।

ইএসএমপি-এর প্রধান কম্পোনেন্টগুলোর সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো এবং পরবর্তী সেকশনগুলোতে কম্পোনেন্টগুলো ব্যাখ্যা করা হয়।


- প্রাতিষ্ঠানিক ব্যবস্থা
- ইএসএমপি: পরিবেশগত ব্যবস্থাপনা এবং প্রশমনের পদক্ষেপসমূহ
- পরিবেশগত এবং সামাজিক পরিবীক্ষণ কর্মসূচী
- অভিযোগ নিরসন পরিকল্পনা
- প্রতিবেদন প্রনয়ন
- ইএসএমপি বাজেট

৮.১ প্রাতিষ্ঠানিক ব্যবস্থাসমূহ

বিআইডব্লিউটিএ ইএসএমপি এর প্রশমন এবং পরিবীক্ষণ কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করবে। বিআইডব্লিউটিএ মাঠ জরীপ, পরিবেশ অধিদপ্তরের টেকনিক্যাল প্রতিবেদন এবং ঠিকাদার হতে প্রাপ্ত পরিবেশ সংক্রান্ত প্রতিবেদন ইত্যাদির উপর ভিত্তি করে ইএসএমপি-এর পরিবীক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে। এ ক্ষেত্রে বিআইডব্লিউটিএ তদারককারী এবং পরিবীক্ষণ কনসালটেন্ট এর সহায়তা নিতে পারে। বর্তমানে বিআইডব্লিউটিএ-এর সক্ষমতার ঘাটতি রয়েছে। ইএসএমটি এবং আরপিএফ বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন ইউনিক শক্তিশালী করা আবশ্যিক।

বিআইডব্লিউটিএ-এর মধ্যে প্রকল্প বাস্তবায়ন ইউনিক প্রতিষ্ঠা করা হবে পিআইইউ প্রকল্প বাস্তবায়নের কাজ পরিচালনা করবে। পরিবেশ সংক্রান্ত কার্যক্রম, ইএসএমপি এবং প্রকল্প সংক্রান্ত সার্বিক কার্যক্রম পিআইইউ বাস্তবায়ন করবে।

ইএসএমপি বাস্তবায়ন এবং পরিবীক্ষণের জন্য সাধারণ ব্যবস্থাপনার কাঠামো চিত্র ২৬ এ বিস্তারিত দেয়া হলো:





নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



চিত্র ২৬ ইএমপি এর ব্যবস্থাপনা কাঠামো

৮.২ পরিবেশ সংক্রান্ত ব্যবস্থাপনা:

প্রতিটি প্রকল্প এলাকার জন্য সুনির্দিষ্ট পরিবেশ সংক্রান্ত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

৮.২.১ নির্মাণকালীন পর্যায়ে প্রধান প্রভাবসমূহ:

ইএসআইএ প্রতিবেদন অধ্যায় ৫-এ প্রদত্ত প্রভাবসমূহের মেট্রিক্স-এর ভিত্তিতে প্রভাবসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে।

৮.২.২ নির্মাণকালীন পর্যায়ে প্রশমনের পদক্ষেপসমূহ:

পরিবেশ বিশেষজ্ঞের মতামত, স্টেকহোল্ডারদের নিকট থেকে সংগৃহীত তথ্য এবং সংশ্লিষ্ট অন্যান্য বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে প্রশমনের পদক্ষেপসমূহ প্রস্তাব করা হয়েছে। ইএসআইএ প্রতিবেদনের অধ্যায় ৫-এ প্রদত্ত প্রশমনের পদক্ষেপসমূহের ভিত্তিতে প্রশমনের পদক্ষেপসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে।

কাজ বাস্তবায়নকালীন সময়ে ঠিকাদারকর্তৃক গৃহীত বিভিন্ন সর্তকতামূলক ব্যবস্থা প্রত্যাশিত এ সকল ব্যবস্থা ভাল নির্মাণ কাজের উদাহরণ হিসেবে পরিগণিত হবে। ঠিকাদারকর্তৃক এলাকা ভিত্তিক সুনির্দিষ্ট ব্যবস্থাপনা পরিকল্পনার সংশ্লেষ প্রশমনের অধিকাংশ পদক্ষেপসমূহ অবশ্যই অন্তর্ভুক্ত করা হবে। ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহের তালিকা নিম্নে প্রদান করা হলো।

৮.২.৩ অপারেশন পর্যায়ে প্রধান প্রভাবসমূহ:

ইএসআইএ প্রতিবেদন অধ্যায় ৫-এ প্রদত্ত প্রভাবসমূহের মেট্রিক্স-এর ভিত্তিতে প্রভাবসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে।

৮.২.৪ অপারেশন পর্যায়ে প্রশমনের পদক্ষেপসমূহ:

ইএসআইএ প্রতিবেদনের অধ্যায় ৫-এ প্রদত্ত প্রশমনের পদক্ষেপসমূহের ভিত্তিতে প্রশমনের পদক্ষেপসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে।

৮.২.৫ নির্দিষ্ট এলাকার ব্যবস্থাপনা পরিকল্পনাসমূহ:

ঠিকাদাররা তাদের বিড প্যাকেজের অংশ হিসেবে নিম্নলিখিত এলাকাভিত্তিক ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করবে এবং চুক্তি মোতাবেক বাস্তবায়ন করবে। চুক্তি মোতাবেক পরিবেশের সম্ভব প্রতিকূল প্রভাবসমূহ নিরসনের ব্যবস্থা গ্রহণ করবে। ইএসএমপি ডকুমেন্টের ভিত্তিতে সকল পরিকল্পনাসমূহ প্রণয়ন করা হবে এবং ইএমএসপি সারনিগুতোতে উপস্থাপিত প্রশমনের পদক্ষেপসমূহ



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে। বিশ্বব্যাংকের ইএইচএস নির্দেশিকা (২০০৭) সকল জাতীয় নির্দেশিকাসমূহ এবং পরিশিষ্ট ১০-এ উপস্থাপিত ইকপস্ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে।

বিড প্যাকেজের অংশ হিসেবে ঠিকাদাররা পরিকল্পনাগুলো বিআইডব্লিউটিপি-তে জমা দিবেন। কাজ শুরু করার পূর্বে পরিকল্পনাগুলো যাচাই পরিবর্তন এবং পরিমর্জন করে ঠিকাদারের তদারককারী কনসালসালস্ট্যান্ট-এর অনুমোদনের জন্য পুনরায় জমা দিবেন। প্রতিটি এলাকার প্রত্যেকটি রুটের বিস্তারিত তথ্য ধারাবাহিক সন্নিবেশিত করা হবে। এ সকল পরিকল্পনায় কাজ বাস্তবায়নের ধারাবাহিক ধাপসমূহ, পরিবীক্ষণ প্রক্রিয়া, প্রয়োজনীয় ইকুইপমেন্ট এবং প্রশিক্ষণ পরিকল্পনা উল্লেখ থাকবে। নিম্নে বিভিন্ন পরিকল্পনাগুলো উল্লেখ করা হলো:

- * বিশ্বব্যাংক গ্রুপ-এর ইএইচএস নির্দেশিকা (২০০৭) এবং ইকপস্-এর ভিত্তিতে ঠিকাদাররা দূষণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করবেন। এটি বিডিং ডকুমেন্ট-এর অংশ হিসেবে পরিগণিত হবে।
- * ইএসএমপি, ইকপ এবং ডব্লিউবিজি ইএইচএস (২০০৭) এর নির্দেশিকা অনুসারে ঠিকাদাররা আর্বজনা অপসারণ এবং প্রবহমান শাখানদীর ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করবেন। এটি বিডিং ডকুমেন্ট-এর অংশ হিসেবে পরিগণিত হবে।
- * পানীয় জল সরবরাহ এবং স্যানিটেশন পরিকল্পনা।
- * পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা (ওএইচএস) পরিকল্পনা।
- * বিআইডব্লিউটিপি-এ সংগে আলোচনা করে ট্রাফিক ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করবে। যথাযথ কর্তৃপক্ষ রাস্তা এবং ট্রাফিক ব্যবস্থাপনার জন্য দায়ী থাকবে।
- * ঠিকাদাররা নির্মাণ ক্যাম্প ব্যবস্থাপনার পরিকল্পনা প্রণয়ন করবেন।
- * ঠিকাদাররা জ্বালানি এবং বিপজ্জনক পদার্থসমূহের ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন করবেন।
- * সম্ভব মুকি এবং বিপজ্জনক অবস্থা নিরাপণ করে ঠিকাদাররা জরুরী প্রস্তুতিমূলক পরিকল্পনা প্রণয়ন করবেন। এ ধরনের পরিকল্পনা নির্মাণকালীন সময়ে প্রয়োজন হতে পারে।

এস-৪ কার্গো টার্মিনালের পাইলিং কার্যক্রমের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়ন করা হবে। প্রকল্পের কাজ বাস্তবায়নকালীন সময়ে ঠিকাদার ক্রমাগত জরিপ করবে এবং প্রতিটি কাজের মাসিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করবে। জরিপকৃত উপাত্তের ভিত্তিতে আগামী মাসে কি পরিমাণ কাজ করা হবে সেটি নির্ধারণ করা হবে। ঠিকাদারদের মাসিক কর্মপরিকল্পনায় ইএসএমপি বিস্তারিতভাবে উল্লেখ থাকবে। উপরে উল্লেখিত এলাকাভিত্তিক পরিকল্পনাগুলোতে প্রাসঙ্গিক সকল বিষয় উল্লেখ থাকবে। প্রতি মাসে কাজ শুরু করার পূর্বেই ঠিকাদার মাসিক পরিকল্পনা অনুমোদনের জন্য সিএসসি-এর নিকট জমা দিবেন। সিএসসি-এর পরিবেশ বিশেষজ্ঞ ঠিকাদারদের মাসিক কর্ম পরিকল্পনায় সন্নিবেশিত ইএসএমপি কম্পোনেন্ট পর্যালোচনা এবং অনুমোদন করবেন। ইএসপি ডকুমেন্টের ভিত্তিতে সকল পরিকল্পনা প্রণয়ন করা হবে। প্রশমন পদক্ষেপের আইটেমসমূহ ইএসএমপি সারণীতে উপস্থাপন করা হলো।

সারণী ৩৫. প্যাসেঞ্জার টার্মিনালসমূহের জন্য পরিবেশ সংক্রান্ত ব্যবস্থাপনার উদাহরণ (নির্মাণকালীন সময়ে)।

পরিবেশ সংক্রান্ত কম্পোনেন্ট	প্রভাবসমূহ	প্রশমনের পদক্ষেপ	বাস্তবায়নের জন্য দায়ী	তদারককারী জন্য দায়ী
বায়ুর গুণমান	ধোয়া, ধুলিকণা এবং সিও _২ নিঃসরণ	যে সকল যন্ত্রপাতি দূষিত নিয়ন্ত্রণ করতে পারে সেটি ব্যবহার করে।	ঠিকাদার	তদারককারী কনসালট্যান্ট



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



		স্পেসিফিকেশনে উল্লেখিত ভাল ডিভাইসগুলো ব্যবহার করতে হবে। এ সকল ডিভাইসগুলো দূষিত বস্তু নিঃসরণ নিয়ন্ত্রণ করবে দূষিত বস্তু নিঃসরণ কমানোর জন্য যন্ত্রপাতি নিয়মিত সার্ভিসিং করতে হবে। পাইলিং-এর কাদামাটি এবং বস্তুর মাটি এবং ধূলিকনার দ্বারা পরিবেশ কম দূষিত হওয়া আবশ্যিক বায়ু বিশুদ্ধ রাখার জন্য মাটি ও ধূলিকণায় পানি দেয়া প্রয়োজন। জমাকৃত নির্মাণ সামগ্রী থেকে রাখা প্রয়োজন। সিমেন্ট ডাম্পিং, বিভিন্ন মাল খালাসের সময় যাতে দূষিত বস্তু কম নির্গত হয় এবং পরিবেশ কম দূষিত হয় সেদিকে লক্ষ্য রাখা প্রয়োজন।		(সিএসসি) পিআইইউ
	গোলমাল এবং কম্পন সৃষ্টি হওয়া	গোলমাল, চিতকার, হেঁচো ইত্যাদি পরিহার করা। গোলমার এবং কম্পনকে বিশ্লেষণ করে নির্মাণ কাজের সংঙ্গে খাপ খাওয়ানোর ব্যবস্থা করা।	ঠিকাদার	তদারককারী কনসালট্যান্ট (সিএসসি) পিআইইউ

৮.২.৬ পরিবেশ সংক্রান্ত নিয়মাবলীর চর্চা করা (ইকপস):

পরিবেশ সংক্রান্ত নিয়মাবলীর চর্চা একটি সাধারণ বিষয়া এটি একটি সুনির্দিষ্ট গাইড লাইন নির্দেশিকা। পরিবেশ সংক্রান্ত ব্যবস্থাপনা নির্দেশিকা এবং চর্চা নিয়েই ইকপ গঠিত হয়। সকল পরিবেশ সংক্রান্ত সদস্যগুলোর টেকসই ব্যবস্থাপনার জন্য ঠিকাদাররা এ নির্দেশিকা অনুসরণ করেন। প্রতিটি এলাকার সুনির্দিষ্ট ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য ঠিকাদাররা এই নির্দেশিকা অনুসরণ করবে।

ইকপস-এর তালিকা নিয়ে প্রদান করা হলো এবং পরিশিষ্ট ৮ এ সংযুক্ত করা হলো।

ঠিকাদার এলাকা ভিত্তিক সুনির্দিষ্ট পরিবেশ ব্যবস্থাপনা কর্ম পরিকল্পনা প্রণয়ন করবেন এবং এর প্রয়োজনীয়তা সম্পর্কে জনগণকে অবহিত করবেন। কাজ শুরু করার পূর্বে বিআইডব্লিউটিপি-এর পূর্বানুমোদন সাপেক্ষে ঠিকাদারদের তদারককারী কনসালট্যান্ট-এর বিস্তারিত কর্ম পরিকল্পনা প্রণয়ন ঠিকাদার পরিবেশ সংক্রান্ত কর্পোরেট কর্মসূচীর প্রয়োজনীয় অংশ হিসেবে একটি মাসিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করবেন।

- ❖ ইকপ ১ : ড্রেজিং ব্যবস্থাপনা
- ❖ ইকপ ২ : বর্জ্য ব্যবস্থাপনা
- ❖ ইকপ ৩ : জ্বালানি এবং বিপজ্জনক মালের ব্যবস্থাপনা
- ❖ ইকপ ৪ : পানি সম্পদের ব্যবস্থাপনা
- ❖ ইকপ ৫ : পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা

- ❖ ইকপ ৬ : মাটির গুণমান ব্যবস্থাপনা
- ❖ ইকপ ৭ : মাটির ক্ষয় এবং পলি নিয়ন্ত্রণ
- ❖ ইকপ ৮ : কর্ষণীয় জমির ব্যবস্থাপনা
- ❖ ইকপ ৯ : প্রাকৃতিক দৃশ্য নির্মাণ এবং স্থানবিররণ
- ❖ ইকপ ১০ : বোরো এলাকার ব্যবস্থাপনা



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এসড
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- ❖ ইকপ ১১ : বায়ুর গুণমান বা গুণগতমানের ব্যবস্থাপনা
- ❖ ইকপ ১২ : আওয়াজ এবং কম্পন ব্যবস্থাপনা
- ❖ ইকপ ১৩ : উদ্ভিদকুলের সংরক্ষণ
- ❖ ইকপ ১৪ : প্রাণিকুলের সংরক্ষণ
- ❖ ইকপ ১৫ : মাছ ধরার স্থানসমূহ সংরক্ষণ
- ❖ ইকপ ১৬ : রাস্তার পরিবহন ও যানবাহনের ব্যবস্থাপনা
- ❖ ইকপ ১৭ : নদীর পরিবহন ব্যবস্থাপনা
- ❖ ইকপ ১৮ : নির্মাণ ছাউনির ব্যবস্থাপনা
- ❖ ইকপ ১৯ : সাংস্কৃতিক এবং ধর্মীয় ইস্যুসমূহ
- ❖ ইকপ ২০ : শ্রমিকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা

৮.৩ পরিবীক্ষণ পরিকল্পনা:

একটি প্রকল্পের পরিবীক্ষণ দীর্ঘমেয়াদী প্রক্রিয়া এটি প্রকল্পের শুরু থেকে শেষ হওয়া পর্যন্ত চলমান থাকে। একটি বেঞ্চমার্ক প্রতিষ্ঠার মাধ্যমে প্রকল্পের ক্রমাগত পরিবেশগত প্রভাবসমূহ মূল্যায়ন করা হয়।

সুতরাং, ক্রমাগত পরিবীক্ষণের মাধ্যমে প্রশমনের কার্যক্রমসমূহ সাময়িক পর্যালোচনা করে। তাদের সংলগ্নতা নির্ধারণ করা হয়। পরিবীক্ষণ কার্যক্রম বিভিন্ন এজেন্সি দ্বারা করা যাবে। যেমন- অভ্যন্তরীণ পরিবীক্ষণের কাজটি ঠিকাদার, র‍্যাপ বাস্তবায়নকারী এনজিও, নির্মাণকাজ তদারককারী কনসালট্যান্ট, পিআইইউ-এর পরিবেশ ও সামাজিক সেল করতে পারে। বাহ্যিক পরিবীক্ষণ এজেন্সি পরিবীক্ষণের কাজটি করতে পারে। বিশ্বব্যাংকের সুরক্ষা মিশন কাজের অগ্রগতির সাময়িক পর্যালোচনা করতে পারবে। র‍্যাপ কার্যক্রম বাস্তবায়ন পরিবীক্ষণে জন্য পিআইইউ ব্যাহিক পরিবীক্ষণ এজেন্সি নিয়োগ দিতে পারবে। তারা পিআইইউ এবং বিশ্বব্যাংকের নিকট অর্ধ-বার্ষিক প্রতিবেদন পেশ করবে।

নির্মাণ এবং অপারেশন ফেজ-এ প্রশমন পরিবীক্ষণ প্রধান দায়িত্ব বিআইডব্লিউটিএ পালন করবে। পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা এবং সমন্বয়ের দায়িত্ব প্রকল্প বাস্তবায়ন ইউনিকটে পিআইইউ পালন করবে। পিআইইউটি বিআইডব্লিউটি-এর মধ্যে প্রতিষ্ঠা করা হবে। পরিবেশগত এবং সামাজিক কার্যক্রম, প্রশমনের পদক্ষেপসমূহ পরিবীক্ষণ বাস্তবায়ন ইত্যাদি সার্বিক দায়িত্ব পিআইইউ-এর উপর বর্তাবে।

- দায়িত্বের ম্যাট্রিক্স।
- পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা এবং সমন্বয়ের দায়িত্ব প্রকল্প বাস্তবায়ন ইউনিকটে পিআইইউ পালন করবে। পিআইইউটি বিআইডব্লিউটি-এর মধ্যে প্রতিষ্ঠা করা হবে।
- ঠিকাদার কর্তৃক প্রকল্পের বিভিন্ন ফেজ-এর পরিবেশগত এবং সামাজিক প্রশমনের পদক্ষেপসমূহ গ্রহণের বিষয়টি সিএসসি পরিবীক্ষণ করবে।
- নির্মাণ কার্যক্রম চলাকালীন সময়ে ঠিকাদাররা পর্যায়ক্রমে ইএসএমপি বাস্তবায়নে তদারকির কাজ নিশ্চিত করবে। অল্প সংখ্যক পরিবীক্ষণ সংস্থা সার্বিক প্রক্রিয়ার সংঙ্গে জড়িত থাকবে।

নিম্নের সারণীতে প্রত্যেকটি সুনির্দিষ্ট কাজের দায়িত্ব নিয়োজিত পরিবীক্ষণ এজেন্সিদের দায়িত্ব নির্দেশ করা হয়েছে। পরিবীক্ষণ সারণীতে পরিবীক্ষণের ধরণ এবং পরিবীক্ষণের কাজটি করবে ইত্যাদি উল্লেখ করা হয়। নির্মাণ কাজ চলাকালীন সময়ে ঠিকাদারদের প্রয়োজনীয়গুলো এবং গৃহীত পদক্ষেপসমূহ ও পরিবীক্ষণ করা হবে। এইগুলো পুথক সারণীতে উল্লেখ করা হয়।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



ইএসএমপি-এর প্রধান উপাদান হিসেবে পরিবীক্ষণ কর্মসূচীর প্রস্তাব করা হয়। যেমন, কমপ্লায়েন্স পরিবীক্ষণ, প্রভাবমূলক পরিবীক্ষণ এবং বাহ্যিক পরিবীক্ষণ। নিম্নের সারণীতে প্রত্যেকটি সুনির্দিষ্ট কাজের দায়িত্বে নিয়োজিত পরিবীক্ষণ এজেন্সিদের দায়িত্ব নির্দেশ করা হয়েছে। পরিবীক্ষণ সারণীতে পরিবীক্ষণের ধরণ এবং পরিবীক্ষণের কাজটি করবে ইত্যাদি উল্লেখ করা হয়। নির্মাণ কাজ চলাকালীন সময়ে ঠিকাদারদের প্রয়োজনীয়গুলো এবং গৃহীত পদক্ষেপসমূহ ও পরিবীক্ষণ করা হবে। এইগুলো পৃথক সারণীতে উল্লেখ করা হয়।

সারণী-৩৬: মনিটরিং পরিকল্পনার উদাহরণ, প্যাসেঞ্জার টার্মিনালসমূহ, নির্মাণকাল, নির্মাণ কাজের জন্য প্রয়োজনীয় ঠিকাদার।

পরিবেশগত প্যারামিটার	প্রশমনের লক্ষ্য	পরিবীক্ষণ প্যারামিটার	মানদণ্ড/ নির্দেশিকাসমূহ	প্রকল্প এলাকা	পরিবীক্ষণের উপায়	পরিবীক্ষণের ফ্রিকোয়েন্সি	দায়িত্বপ্রাপ্ত এজেন্সি/প্রতিষ্ঠান	
							বাস্তবায়ন	তদারক
কোলাহল	কোলাহল নিয়ন্ত্রণ	প্রকল্প এলাকায় জিপিএস দ্বারা শব্দ দূষণ নিয়ন্ত্রণ এবং বাতাসের গতি এবং দিক পরিমাপ করা	পরিবেশে অধিদপ্তরের মানদণ্ড অনুযায়ী গোলমাল নিয়ন্ত্রণ করা, বাংলাদেশ ইকপ-১২	নির্মাণ এলাকা	প্রকল্প এলাকায় কোলাহল মাত্রা পরিবীক্ষণ	যখন যথা প্রয়োজন/ মাসিক	ঠিকাদার	সিএসসি/ এমএন্ডই পরামর্শক
বায়ুর গুণমান	বায়ুর গুণমানের জন্য ধূলা নিয়ন্ত্রণ	পিএম ২.৫, পিএম ১০, সিও, এসও২ এনও, এনও২	পরিবেশ অধিদপ্তরের মানদণ্ড অনুযায়ী বায়ুর গুণমান, বাংলাদেশ ইকপ-১১	নির্মাণ এলাকা	নমুনায়ন এবং ল্যাবরেটরি বিশ্লেষণ	ত্রৈমাসিক	জাতীয় ভাবে স্বীকৃত ল্যাবরেটরির মাধ্যমে ঠিকাদার নিয়োগ	সিএসসি/ এমএন্ডই পরামর্শক
		পানি সিটানো			চাক্ষুষ পরিদর্শন	দৈনিক	ঠিকাদার	সিএসসি/ এমএন্ডই পরামর্শক

নির্মাণকালীন সময়ে নির্মাণ কাজের ঠিকাদারদের প্রয়োজনীয়তাসমূহ যথাযথভাবে পরিবীক্ষণ করা হবে। এগুলো নীল রংয়ের সারণীগুলোতে দেখানো হলো। নির্মাণ এবং অপারেশন পর্যায়ে পরিবেশগত এবং সামাজিক ব্যবস্থাপনার বিষয়গুলো পৃথকভাবে অতিরিক্ত সবুজ রংয়ের সারণীতে উল্লেখ করা হলো।

সুনির্দিষ্ট এলাকা ভিত্তিক পরীক্ষণ পরিকল্পনা প্রণয়ন করা হয় এবং প্রকল্প এলাকার পরিশিষ্টে অন্তর্ভুক্ত করা হয়।

৮.৪. প্রতিবেদন প্রণয়ন

ঠিকাদারকে নিম্নে উল্লেখিত সুনির্দিষ্ট প্রতিবেদনগুলো প্রণয়ন করতে হবে।

- * সুনির্দিষ্ট এলাকার জন্য পরিবেশ সংক্রান্ত পরিকল্পনা।
- * ঠিকাদারদের জন্য পরিবেশ সংক্রান্ত কর্ম পরিকল্পনাসমূহ (সিইএপিএস)।
- * পরিবেশগত এবং সামাজিক প্রশমন পদক্ষেপ বাস্তবায়নের জন্য অগ্রিম মাসিক পরিকল্পনা।
- * পরিবেশগত এবং সামাজিক পদক্ষেপসমূহের জন্য মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রণয়ন।

ঠিকাদার ইএসএমপি-তে অন্তর্ভুক্ত প্রশমন পদক্ষেপ সমূহের অগ্রগতির মাসিক প্রতিবেদন জমা দিবেন। ঠিকাদার মাসিক অগ্রগতির প্রতিবেদনের নমুনা কপি পর্যালোচনা এবং অনুমোদনের জন্য পরিবেশ বিশেষজ্ঞ এর নিকট ত্রিশ দিন পূর্বে জমা দিবেন।

এমএন্ডই কনসালট্যান্ট ত্রৈমাসিক এবং বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করবে এবং এগুলো ইএসএমপির কমপ্লায়েন্স হিসেবে পরিবেশ কনসালট্যান্ট এর ইএন্ডএস সেলে জমা দিবেন।

৮.৫. পরিবেশগত এবং সামাজিক ব্যবস্থাপনার ব্যয়



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



পরিবেশগত ব্যবস্থাপনা এবং পরিবীক্ষণের মোট বাজেটের পরিমাণ ইউএস ডলার ৫,৪৮৫,৫৫০

সারাংশ	
বর্ণনা	পরিমাণ
	ইউএস ডলার
আশুগঞ্জ	১,৩৩২,৭৫০.০০
বরিশাল	৬২০,৩০০.০০
চাঁদপুর	৬১৭,১০০.০০
ডিইপিটিসি	২৫৭,৭০০.০০
নারায়নগঞ্জ	৬৩৫,২৭৫.০০
পানগাঁও	১,৩৯৯,৬২৫.০০
শাশানঘাট	৬২২,৭০০.০০
মোট	৫,৪৮৫,৫৫০.০০

প্রতিটি উপ-প্রকল্পের জন্য পরিবেশ ব্যবস্থাপনা এবং পরিবীক্ষণের প্রস্তাবিত বাজেট ইউএসএমপি এর পরিশিষ্টে অন্তর্ভুক্ত করা হয়

৯. উপসংহার এবং সুপারিশমালা :

প্রস্তাবিত এস-৩ এবং এস-৪ উপ-প্রকল্পের নির্মাণ এবং অপারেশনকালীন সময়ের নেতিবাচক এবং ইতিবাচক প্রভাবসমূহ ইউএসআইএ-এতে উল্লেখ করা হয়েছে।

এই প্রকল্পের পরিবেশগত ইতিবাচক প্রভাব হলো যে, এই প্রকল্পের মাধ্যমে নৌপথের মাল্টিমোডাল পরিবহন নেটওয়ার্কের উন্নয়ন হবে। স্থানীয়ভাবে যানবাহন চলাচল এবং অন্যান্য সুবিধার যথেষ্ট উন্নয়ন হবে এবং পরিবেশ দূষণ কমে আসবে এবং বিভিন্ন মাস্টার প্লান প্রণয়নের ফলে শব্দ দূষণ কমে আসবে। সামাজিক দৃষ্টিকোন থেকে প্যাসেঞ্জার পরিবহনের সুবিধাদির উন্নয়ন হবে এবং মালামাল পরিবহনের জন্য চাকুরী সুযোগ সৃষ্টি হবে। প্রকল্পের নির্মাণ, অপারেশন এবং রক্ষণাবেক্ষণ পর্যায়ে অর্থনৈতিক কার্যক্রম বৃদ্ধি পাবে।

টার্মিনাল এলাকাগুলোতে জেডারের সুবিধাদি নিশ্চিত করা হবে। গর্ভবতী মহিলা, বৃদ্ধ মহিলাদের চলাফেরার সুবিধাদি বৃদ্ধি পাবে। সরকারি এবং বেসরকারিভাবে মহিলাদের উন্নয়নমূলক সুযোগ সৃষ্টি হবে। প্রতিটি ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ এবং মহিলাদের ক্ষমতায়ন ক্রমশঃ বৃদ্ধি পাবে।

প্রকল্প এলাকার প্রধান নেতিবাচক প্রভাবগুলো হলো প্রাণিকূল এবং উদ্ভিদকূলের ক্ষতি হবে। তাছাড়া নৌপথে চলাচল বিঘ্নিত হবে। উল্লেখ্য যে, ভূমির ক্ষতি, নির্মাণ শ্রমিকদের স্বাস্থ্যের ক্ষতি, প্রাকৃতিক পয়ঃনিষ্কাশন বন্ধ এবং বায়ু দূষিত ইত্যাদি নেতিবাচক প্রভাব পড়বে।

সংক্ষেপে:

- পানি দূষণ উচ্চ মাত্রায় বৃদ্ধি পাওয়ার ফলে মাছ এবং জলজ প্রাণী ক্ষয়প্রাপ্ত হবে। অনেক প্রজাতির স্থলজ প্রাণী যেমন সাপ, ব্যাঙ, কচ্ছপ ইত্যাদি ক্ষতিগ্রস্ত হবে। ড্রেজিং এর ফলে মাছ এবং অন্যান্য জলজ প্রাণীকূলের খাদ্য নষ্ট হয়ে যাবে। পানগাঁও এবং বরিশাল এলাকায় ৯টি প্রজাতির স্থলজ প্রাণী এবং ডলফিন ক্ষতিগ্রস্ত হবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



ভূমি ভরাট করার ফলে ব্যাঙ এবং সাপ ক্ষতিগ্রস্ত হবে। মৌসুমি পাখির বিচরণ কমে যাবে। শ্মশানঘাট এলাকায় ড্রেজিং এর শব্দের কারণে ডলফিন ক্ষতিগ্রস্ত হবে। রেকর্ডকৃত তিনটি প্রজাতির কচ্ছপ ক্ষতিগ্রস্ত হবে।

- নদীর ট্রাফিক তিনগুণ বৃদ্ধি পাওয়ার ফলে স্থলজ প্রাণী ক্ষতিগ্রস্ত হবে এবং ভেসেল ট্রাক চলাচলের ফলে পার্শ্ববর্তী বাসিন্দারা প্রভাবিত হবে। ড্রেজিং করার ফলে বিশেষভাবে ডলফিনগুলো ক্ষতিগ্রস্ত হবে।
- রাস্তার ট্রাফিক বৃদ্ধির পাওয়ার ফলে ট্রাফিক জ্যাম বাড়বে এবং বায়ু দূষণ বৃদ্ধি পাবে।

প্রকল্পের ফলে প্রধান সামাজিক প্রভাবসমূহ নিম্নে উল্লেখ করা হলো:

- ভূমি অধিগ্রহণ এবং পরবর্তীতে পুনর্বাসন
- জীবিকার ক্ষতি হবে
- নির্মাণকালীন সময়ে অসুবিধা এবং বিশৃঙ্খলার সৃষ্টি হবে
- আসা-যাওয়ার ক্ষতি
- পরিবহনের সময় এবং খরচ বৃদ্ধি পাবে

এস-৩ এস-৪ উপ-প্রকল্পের পরিকল্পনা এবং ডিজাইন পর্যায়ে প্রতিটি সাইটের জন্য র‍্যাপ প্রতিবেদন প্রণয়ন করা হবে।

প্রকল্পের প্রাক নির্মাণ, নির্মাণ এবং অপারেশন পর্যায়ে নেতিবাচক প্রভাবসমূহ প্রশমনের জন্য ইএসএমপি প্রণয়ন করা হয়। বিশ্বব্যাপ্তকের নির্দেশিকা অনুসারে পুনর্বাসন নীতি প্রণয়নের জন্য জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ে কর্মশালা আয়োজন করা হয়। এ সকল কর্মশালায় পুনর্বাসন এবং ক্ষতিপূরণের বিষয়গুলো আলোচনা করা হয়।

নেতিবাচক প্রভাবসমূহ পরিহার করে সঠিক ভাবে ক্ষতিপূরণের পদক্ষেপসমূহ বাস্তবায়ন করা হয়। প্রকল্পের কন্ট্রোল ডকুমেন্টে এ পর্যাপ্ত বাজেট এবং ইএসএমপি অন্তর্ভুক্ত করা হয়। প্রকল্পের নির্মাণ কাজ চলাকালীন সময়ে বায়ু দূষণ, শব্দ দূষণ, পানি দূষণ, পানির লবনাক্ততা ইত্যাদি বিষয়সমূহ পরিবীক্ষণ করা হয়।

নির্মাণ পর্যায়ে বেশিরভাগ স্বল্পমেয়াদী প্রভাবসমূহের সৃষ্টি হয়। প্রশমন পদক্ষেপ এবং সংশ্লিষ্ট ইকপ গ্রহণের মাধ্যমে সমস্যাসমূহ প্রশমিত করা যায়। এই সমস্যাসমূহ নিবিড়ভাবে ইএসআইএ প্রতিবেদনে বিশ্লেষণ করা হয়েছে এবং প্রস্তাবিত প্রশমন পদক্ষেপসমূহে এগুলো প্রয়োগ করা হয়।

সকল এস-৩ এবং এস-৪ সাইটের পরিবেশ প্রভাবিত হবে এবং কিউমিলেটিভ প্রভাবসমূহ প্রাথমিক ভাবে নিরূপন করা হবে। অপরিপূর্ণ পরিবেশগত বেসলাইন উপাত্তের কারণে কিউমিলেটিভ প্রভাবসমূহ সঠিকভাবে যাচাই করা যায় না।

এই ইএসআইএ প্রতিবেদনে সকল এস-৩ এবং এস-৪ সাইটে কিউমিলেটিভ প্রভাবসমূহ নিরূপন করা হয়েছে এবং প্রশমনের অতিরিক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়। বিভিন্ন প্রকল্পে প্রাকলিত কিউমিলেটিভ প্রভাব সমূহ বাস্তবায়ন করা হয়।

অবশিষ্ট প্রভাবসমূহ কমানোর জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়। প্রকল্প সম্পর্কিত প্রত্যক্ষ এবং পরোক্ষ প্রভাবসমূহ নিহিত করা হয়। প্রশমনের স্তর অনুসারে অবশিষ্ট প্রভাবসমূহ প্রশমন করা হয়।

প্রশমনের পর কার্গো টার্মিনালসমূহের প্রভাবসমূহ নিম্নে দেয়া হলো:

- টার্মিনাল অপারেশনকালীন সময়ে শব্দ দূষণ বৃদ্ধি পাবে।
- কার্গো এবং ভেসেল চলাকালীন সময়ে ধোঁয়া নির্গত হয়ে বায়ু দূষিত হবে।
- স্থানীয় রাস্তায় ভাড়া যানবাহন চলাচলের ফলে ট্রাফিক জ্যাম বাড়বে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



- টার্মিনাল অপারেশনকালীন সময়ে উপরোক্ত প্রভাবগুলো লেগে থাকবে।
- পানগাঁও একটি নতুন কার্গো টার্মিনাল এবং আশুগঞ্জ সাইটটি বর্তমানে অপারেশনে আছে। এজন্যে পানগাঁও সাইটের বায়ু দূষণ বৃদ্ধিপাবে এবং চারিদিকের শব্দ দূষণ বৃদ্ধি পাড়বে। সাধারণত সকল সাইটের জন্য নিম্নের পদক্ষেপসমূহ অনুসরণ করা প্রয়োজন।
- বিআইডব্লিউটিএ, ভেসেল অপারেটর, সিটি, আইসিডি এবং পিটি কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা ক্রমে যৌথভাবে দূষণ নিয়ন্ত্রণ কর্মসূচী বাস্তবায়ন করবে।
- ট্রাফিকের সংখ্যা বৃদ্ধি পাওয়ার ফলে বর্তমান এক্সেস রাস্তাগুলো আরো প্রশস্ত করে স্থায়ী লোকাল ট্রাফিক নিয়ন্ত্রণ পদ্ধতি চালু করতে হবে।
- বাংলাদেশ সরকারের স্ট্যান্ডার্ড মেনে পরিবহন এবং যানবাহন চলাচল নিশ্চিত করতে হবে এবং ধোঁয়া নির্গমন ও শব্দ দূষণ কমাতে হবে।

বিআইডব্লিউটিএ প্রকল্প এলাকায় পরিবেশ বান্ধব অবস্থা নিশ্চিত করবে। ঠিকাদার, ইএসআইএ প্রতিবেদনে নির্দেশিত প্যারামিটারগুলো যেমন- জরুরী রেসপন্স পরিকল্পনা এবং প্রশমনের পদক্ষেপ পরিকল্পনা ইত্যাদি প্রতিপালন করবে।

প্রাকৃতিক পরিবেশের ক্ষতি না করে প্রকল্প কার্যক্রমের প্রতিটি পদক্ষেপে ইএসএমপি বাস্তবায়ন হবে এবং প্রস্তাবিত প্রকল্পটি পরিবেশগত ভাবে কার্যকর হবে। এ ধরনের জাতীয় প্রকল্পে পরিবেশ অধিদপ্তর প্রয়োজনীয় ছাড়পত্র প্রদান করতে পারে। বিআইডব্লিউটিএ ইএসএমপি'তে উল্লেখিত নির্দেশিকা সমূহ অনুসরণ করবে এবং টার্মিনালের সুবিধাদির উন্নয়নের জন্য প্রশাসনিক এবং আইনগত প্রয়োজনীয়তাগুলো মেনে চলবে।

প্রকল্পের নির্মাণ এবং অপারেশন পর্যায়ে কর্তৃপক্ষ প্রয়োজনীয় জনশক্তি ব্যবস্থা করবে। টার্মিনালগুলোর অপারেশন পর্যায়ে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে এবং স্থায়ী ও অস্থায়ী ভিত্তিতে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। টার্মিনালগুলোর আপডেট করার ফলে নতুন ব্যবসায়, মাল সরবরাহকারী এবং নতুন ভেসেল চালু হবে। প্রকল্পের নির্মাণকালীন সময়ে যে সকল শ্রমিকদের নিয়োগ করা হবে, প্রকল্পের অপারেশন পর্যায়ে দক্ষতার অভাবে সকল শ্রমিক কাজ নাও পেতে পারে। কার্গো টার্মিনালের ক্ষেত্রে কিছু শ্রমিককে প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে তোলে চাকুরীর ব্যবস্থা করা যেতে পারে।

একটা বিরাট সংখ্যক শ্রমিককে স্থানীয়ভাবে প্রয়োজনীয় মালামাল এবং সেবা প্রদান করে সহায়তা করা যাবে। স্থানীয় ব্যবসায়ীরা স্থায়ী মার্কেটে প্রয়োজনীয় মালামাল কেনাবেচা করতে পারে। ব্যবসায়ী এবং চাকুরীজীবীরা এই প্রকল্প থেকে অধিকতর সুবিধা পাবে এবং তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি হবে।

স্থানীয় জনগণ ভেসেল এ নিরাপদে চলাচল করতে পারবে। ব্যবসায়ীগণ তাদের মালামাল নিরাপদে বহন করতে পারবে এবং উন্নত কার্গো টার্মিনালের সুবিধাদি ভোগ করবে।

৯.১. সুপারিশমালা :

ইএসএমপিতে সুপারিশকৃত প্রশমনের পদক্ষেপসমূহ অনুসারে প্রকল্প বাস্তবায়নের কাজ এগিয়ে নেয়া যায়। নির্মাণ কাজের আদেশে এবং কাজের চুক্তিপত্রে ইএসএমপি অন্তর্ভুক্ত থাকবে।



নতুন ও উন্নীতকণের লক্ষ্যে প্রস্তাবিত কার্গো এবং প্যাসেঞ্জার টার্মিনালসমূহের নির্মাণ
ও উন্নয়ন কাজের পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন। বিআরডব্লিউটিপি-এস৬
পরিবেশগত এবং সামাজিক প্রভাব নিরূপন, চূড়ান্ত প্রতিবেদন।
সার-সংক্ষেপ



ইএসএমপি-এর যথাসময়ে বাস্তবায়ন, নেতিবাচক প্রভাবসমূহকে হ্রাস করবে। প্রকল্পের কাজের নির্মাণ এবং অপারেশনকালীন সময়ে কাজের কোন গুরুত্বপূর্ণ পরিবর্তন হলে সেগুলো অন্তর্ভুক্ত করে ইএসএমপি ডুমেন্টটি বিআইডব্লিউটিপি এ ক্রমাগত আপডেট করবে। পরিবেশ সংক্রান্ত পরিবীক্ষণের ফল, পরিবেশ সংক্রান্ত সংগৃহীত তথ্যের বিস্তারিত বিশ্লেষণ এবং প্রশমনের সুপারিশকৃত পদক্ষেপসমূহ ইএসএমপি ডকুমেন্ট অন্তর্ভুক্ত করা হবে।